কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

ISSN 0971-7765

কর্মক্ষেত্র

রাজ্য পুলিশে
৮৬৩২ কনস্টেবল
নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ২

বর্ষ ৪১ সংখ্যা ৪৩ কলকাতা বুধবার, ২৬ মে ২০২১/১

বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

১১ জ্যৈষ্ঠ ১৪২৮ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

পশ্চিম রেলে ৩৫৯১ অ্যাপ্রেন্টিস

ফিটার, টার্নার, মেশিনিস্ট-সহ আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে ৩,৫৯১ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে **পশ্চিম** রেল। প্রশিক্ষণের মেয়াদ ১বছর। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: RRC/WR/01/2021 Apprentice.

আসনসংখ্যার বিবরণ: মুম্বই (এম এম সি টি) ডিভিশন: মেকানিক্যাল বিভাগ: ফিটার ১৫৩টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ৩টি, কার্পেন্টার ২৩টি, পেইন্টার (জেনারেল) ৫টি, ডি এস এল মেকানিক ২৫টি, মেকানিক মোটর ভেহিক্যল ৪টি।

ইলেক্ট্রিক্যাল বিভাগ: ফিটার ১৫টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ৬টি, ডি এস এল মেকানিক ২৮টি, মেকানিক মোটর ভেহিক্যল ২টি, ইলেক্ট্রিশিয়ান ১৬৭টি, ইলেক্ট্রনিক মেকানিক ৪৬টি, ওয়্যারম্যান ৬টি, রেফ্রিজারেটর/এ সি-মেকানিক ৩৪টি।

ইঞ্জিনিয়ারিং বিভাগ: কার্পেন্টার ৪০টি, পেইন্টার (জেনারেল) ৪০টি, পাইপ ফিটার ৬০টি, প্লাম্বার ৪০টি, ড্রাফটসম্যান (সিভিল) ১৫টি।

পার্সোনেল বিভাগ: প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট অ্যান্ড সিস্টেমস অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট ১৬টি, স্টেনোগ্রাফার (ইংলিশ) ১টি।

ব্রিজ-মেকানিক: ফিটার ৩টি, ওয়েল্ডার ২টি।

ব্রিজ-ইঞ্জিনিয়ারিং: ড্রাফটসম্যান (সিভিল) ৪টি।

ভদোদরা (বি আর সি) ডিভিশন: মেকানিক্যাল বিভাগ: ফিটার ৬০টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ৮টি, কার্পেন্টার ২টি, পেইন্টার ২টি, ডি এস এল মেকানিক ২০টি।

ইলেক্ট্রিক্যাল বিভাগ: ফিটার ৩৭টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ৮টি, মেশিনিস্ট ৪টি, মেকানিক (মোটর ভেহিক্যল) ৫টি, ইলেক্ট্রিশিয়ান ১০৯টি, ইলেক্ট্রনিক মেকানিক ২৩টি, ওয়্যারম্যান ৮টি, রেফ্রিজারেটর/এ সি-মেকানিক ১৪টি।

ইঞ্জিনিয়ারিং বিভাগ: কার্পেন্টার ৩৫টি, পেইন্টার ৩৫টি, পাইপ ফিটার ৫০টি, প্লাম্বার ৩৫টি, ড্রাফটসম্যান (সিভিল) ১০টি।

পার্সোনেল বিভাগ: প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট অ্যান্ড সিস্টেমস অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট ১৮টি, স্টেনোগ্রাফার (ইংলিশ) ১টি।

ব্রিজ-মেকানিক্যাল: ফিটার ৩টি, ওয়েল্ডার ২টি।

আমেদাবাদ (এ ডি আই) ডিভিশন: মেকানিক্যাল বিভাগ: ফিটার ৯৭টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক)

এরপর তিনের পাতায়

এন টি পি সি-তে ২৮০ ট্রেনি ইঞ্জিনিয়ার

ট্রেনি ইঞ্জিনিয়ারিং এক্সিকিউটিভ পদে ২৮০ জনকে নেবে এন টি পি সি। নিয়োগ করা হবে ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স এবং ইনস্ট্রুমেন্টেশন শাখায়। প্রার্থীকে গেট-২০২১ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। প্রথমে ১ বছরের ট্রেনিং। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 05/21.

শূন্যপদের বিবরণ: মেকানিক্যাল ১২৬টি (সাধারণ ৫১, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩৪, আর্থিক ভাবে অনগ্রসর ১২)। ইলেক্ট্রিক্যাল ৯৮টি (সাধারণ ৪০, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২৭, আর্থিক ভাবে অনগ্রসর ৯)। ইলেক্ট্রনিক্স/ইনস্ট্রুমেন্টেশন ৫৬টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫, আর্থিক ভাবে অনগ্রসর ৬)।

সরকারি নিয়মানুসারে প্রতিবন্ধী প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-

এরপর তিনের পাতায়

রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদে চাকরি

সিনিয়র প্রোজেক্ট অ্যাসোসিয়েট এবং প্রোজেক্ট অ্যাসোসিয়েট পদে ২২ জনকে নেবে রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ। প্রাথমিক ভাবে ১ বছরের চুক্তিতে নিয়োগ হবে ন্যাশনাল ক্লিন এয়ার প্রোগ্রামে। প্রয়োজন অনুসারে সর্বাধিক পাঁচ বছর পর্যন্ত চুক্তির মেয়াদ বাড়ানো হতে পারে।

শূন্যপদের বিবরণ: সিনিয়র প্রোজেক্ট অ্যাসোসিয়েট: ১১টি, প্রোজেক্ট অ্যাসোসিয়েট: ১১টি।

শিক্ষাগত যোগ্যতা: এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড সিভিল বা আর্কিটেকচার অ্যান্ড প্ল্যানিং বা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে মাস্টার্স ডিগ্রি। বায়ু দূষণ বা পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ-সংক্রান্ত কাজে সিনিয়র পদের ক্ষেত্রে ২ বছর, প্রোজেক্ট অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ১ বছরের বেশি সময়ের অভিজ্ঞতা থাকলে এবং এম এস অফিসের ব্যবহার জানলে অগ্রাধিকার।

বয়স: সিনিয়র প্রোজেক্ট অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৩৫ বছর এবং প্রোজেক্ট অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে হতে হবে।

বেতন: সিনিয়র প্রোজেক্ট অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে প্রতি মাসে

এরপর তিনের পাতায়

ব্যারাকপুর ক্যান্টনমেন্ট বোর্ডে স্বাস্থ্যকর্মী

জেনারেল ডিউটি অ্যাটেন্ড্যান্ট, নার্সিং স্টাফ এবং ডিউটি মেডিক্যাল অফিসার পদে ১৬ জনকে নেবে ব্যারাকপুর ক্যান্টনমেন্ট বোর্ড। প্রাথমিক ভাবে ৬ মাসের চুক্তিতে নিয়োগ করা হবে। প্রয়োজন অনুসারে চুক্তির মেয়াদ বাড়তে পারে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ২৮ মে, সকাল ১১টা থেকে।

শূন্যপদের বিবরণ: ডিউটি মেডিক্যাল অফিসার: ৪টি। শিক্ষাগত যোগ্যতা: এম বি বি এস, মেডিক্যাল কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। সেইসঙ্গে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বেতন: প্রতি মাসে ৬০,০০০ টাকা।

নার্সিং স্টাফ: ২টি। শিক্ষাগত যোগ্যতা: নার্সিংয়ে বি এসসি বা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বেতন: প্রতি মাসে ২৫,০০০ টাকা।

জেনারেল ডিউটি অ্যাটেন্ড্যান্ট: ১০টি (পুরুষ ৫, মহিলা ৫)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে রেড ক্রস সোসাইটি বা সেন্ট জনস অ্যাম্বুল্যান্স অ্যাসোসিয়েশন বা কোনও স্বীকৃত

এরপর তিনের পাতায়

মান্ডি আই আই টি-তে নন-টিচিং স্টাফ

৪৩ জন নন-টিচিং স্টাফ নেবে হিমাচল প্রদেশের মান্ডির ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি (আই আই টি)। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: IIT Mandi/F/Recruit./NTS/2021/01.

শূন্যপদের বিন্যাস: জুনিয়র ল্যাব অ্যাসিস্ট্যান্ট (টেকনিশিয়ান) ১৪টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ১২টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। জুনিয়র সুপারিন্টেন্ডেন্ট ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। জুনিয়র টেকনিক্যাল সুপারিন্টেন্ডেন্ট ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ২)। জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল) ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। টেকনিক্যাল অফিসার (ওয়ার্কশপ সুপারিন্টেন্ডেন্ট) ১টি (সাধারণ)। স্পোর্টস অফিসার ১টি (সাধারণ)। জুনিয়র সুপারিন্টেন্ডেন্ট (রাজভাষা) ১টি (সাধারণ)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iitmandi.ac.in. অনলাইন পদ্ধতিতে ফি

এরপর তিনের পাতায়

অতিমারি আবহে উপার্জনের পথ বাতলে দিচ্ছে সুলেখা

অতিমারির জেরে ব্যবসায় মন্দা, ঝাঁপ পড়ে যাওয়া, কর্মীদের বেকার হয়ে যাওয়াটাই যখন স্বাভাবিক হয়ে দাঁড়িয়েছে, সেসময় সময়োচিত পরিকল্পনা ও দৃঢ়তা নিয়ে নতুন করে ঘুরে দাঁড়িয়েছে বাঙালির ছিয়াশি বছরের পুরনো এক প্রতিষ্ঠান। সুলেখা। নিজেরা ব্যবসার পরিধি বাড়িয়েছেন, উপার্জনের সুযোগ করে দিয়েছেন আরও অনেককে।

নিজস্ব প্রতিনিধি: করোনার দ্বিতীয় ঢেউয়ের ভয়াবহ প্রকোপে আবার লকডাউন ঘোষণা করা হয়েছে। এই পরিস্থিতির পরিণতি আমাদের জানা। গত বছরও এই সমস্যার মধ্য দিয়ে গিয়েছি আমরা। লকডাউনের ফলে বিপর্যয়ের মধ্যে পড়েছে অসংখ্য ছোট-বড় প্রতিষ্ঠান, কাজ হারিয়ে বিপদে পড়েছেন কর্মীরা। কিন্তু এই ছবিটার একটা উলটো পিঠও আছে।

করোনা এবং লকডাউন পরিস্থিতিতেও হাল না ছেড়ে ঘুরে দাঁড়িয়েছে অনেক সংস্থা, উপার্জনের পথ বাতলে দিয়ে আশার আলো দেখিয়েছে কর্মপ্রার্থী মানুষদের। তেমনই একটি সংস্থা সুলেখা ওয়ার্কস লিমিটেড। ৮৬ বছর আগে এই সংস্থা পথ চলা শুরু করেছিল ঝরনা কলমের কালি তৈরি দিয়ে। কালি, ঝরনা কলম ও অন্যান্য স্টেশনারি সামগ্রীর পাশাপাশিই আজ সময়ের দাবি মেনে এই সংস্থা তৈরি করছে স্যানিটাইজার, হ্যান্ডওয়াশ, সাবান, মাস্ক, ফিনাইল, ব্লিচিং পাইডার, ন্যাপথালিন ইত্যাদি।

যাঁদের বাড়ির বাইরে গিয়ে কাজ করায় অসুবিধা আছে, তাঁরা সুলেখা-য় নাম রেজিস্ট্রেশন করিয়ে ঘরে বসে অনলাইনে সুলেখা-র পণ্যের অর্ডার নেওয়ার কাজ করতে পারেন। অর্ডার নেওয়া হয় ইমেল বা হোয়াটসঅ্যাপে। অর্ডার নেওয়ার পর গ্রাহকদের নাম-ঠিকানা সহ অর্ডারের খুঁটিনাটি কর্তৃপক্ষের কাছে পাঠিয়ে দিতে হবে। ডেলিভারি দেওয়ার দায়িত্ব সংস্থার।

সুলেখার ইতিহাস ও ঘুরে দাঁড়ানোর কথা

মহাত্মা গান্ধীর স্বদেশী আন্দোলনে প্রভাবিত হয়ে শঙ্করাচার্য মৈত্র ও ননীগোপাল মৈত্র ১৯৩৪ সালে বাংলাদেশের রাজশাহী জেলায় প্রতিষ্ঠা করেন সুলেখা ওয়ার্কস লিমিটেড। স্বাধীনতার আগেই বাংলাদেশ থেকে এ-বঙ্গে স্থানান্তরিত হয় সুলেখা। চল্লিশের দশক থেকে ব্যবসার এতটাই

এরপর আটের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

ডব্লু বি সি এস প্রিলিমিনারি

পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

গত সংখ্যার পর

137. যদি $x + y + z = 15$, $xy + yz + zx = 75$, তাহলে $\frac{x + 4y + z}{3z}$ -এর মান কত?
(a) 1 (b) 0 (c) 2 (d) –1
138. ভারতীয় সংবিধানের ক'টি তালিকা আছে?
(a) আটটি (b) ন'টি (c) দশটি (d) বারোটি
139. নীচের কোন জায়গাটি মুক্তা আহোরণের জন্য বিখ্যাত?
(a) তুতিকোরিন (b) কোচি (c) কান্দালা (d) পন্ডিচেরী
140. গান্ধার শিল্প কোন যুগে বিকশিত হয়?
(a) মৌর্য (b) সুঙ্গ (c) কুষাণ (d) গুপ্ত
141. বেশি আনারসের চাষ হয় কোন অঞ্চলে?
(a) শিলং মালভূমি (b) ত্রিপুরার পার্বত্য অঞ্চল (c) উত্তরাঞ্চল (d) তরাই সমভূমি
142. নীচের রাশিগুলির মধ্যে কোনটি স্কেলার রাশি?
(a) বেগ (b) দ্রুতি (c) ত্বরণ (d) ভরবেগ
143. চাঁদে একটি বস্তুর ওজন 2 কিলোগ্রাম, পৃথিবীতে ওই বস্তুর ওজন কত হবে?
(a) 1 কিলোগ্রাম (b) $\frac{1}{3}$ কিলোগ্রাম (c) 12 কিলোগ্রাম (d) 6 কিলোগ্রাম
144. নাবার্ড (NABARD) কবে প্রতিষ্ঠা হয়েছিল?
(a) 1982 সালে (b) 1983 সালে (c) 1984 সালে (d) 1985 সালে
145. ভারতে কত সালে 'ক্ষুদ্র ঋণ ব্যবস্থা' চালু করা হয়?
(a) 1990 সালে (b) 1991 সালে (c) 1992 সালে (d) 1993 সালে
146. নাসিক শহরটি কোন নদীর তীরে অবস্থিত?
(a) নর্মদা (b) গোদাবরী (c) গঙ্গা (d) লুনী
147. 'দক্ষিণ ভারতের গঙ্গা' কোন নদীকে বলা হয়?
(a) কাবেরী (b) মুসী (c) তাপ্তি (d) নর্মদা
148. 'চুখা জলবিদ্যুৎ কেন্দ্র' কোথায় অবস্থিত?
(a) মায়ানমার (b) নেপাল (c) ভুটান (d) বাংলাদেশ
149. কোন প্রাণীটিকে চাষীর বন্ধু বলা হয়?
(a) কেঁচো (b) মৌমাছি (c) গরু (d) শূকর
150. নন্দ বংশের প্রতিষ্ঠাতা কে?
(a) মহাপদ্ম নন্দ (b) কালাশোক (c) ধননন্দ (d) অশোক
151. শিবাজি 'পুরন্দরের সন্ধি' সাক্ষর করেন কত সালে?
(a) 1665 (b) 1666 (c) 1667 (d) 1668
152. 'ডুরান্ড রেখা' কোন দু'টি দেশের সীমানা নির্ধারণ করে?
(a) ভারত ও চিন (b) ভারত ও আফগানিস্তান (c) ভারত ও নেপাল (d) ভারত ও ভুটান
153. উজ্জয়িনী কোন নদীর তীরে অবস্থিত?
(a) নর্মদা (b) শিপ্রা (c) শোন (d) তাপ্তী
154. 'Servants of India Society' প্রতিষ্ঠা করেন?
(a) বালগঙ্গাধর তিলক (b) গোপাল কৃষ্ণ গোখেল (c) বিপিনচন্দ্র পাল (d) লালা লাজপত রায়
155. ভুল সংখ্যাটি নির্বাচন করুন:
196, 169, 144, 121, 101
(a) 101 (b) 121 (c) 169 (d) 196
156. 08 : 66 : : ? : 38
(a) 2 (b) 6 (c) 12 (d) 19
157. বিশ্ব 'খাদ্য দিবস' কবে পালিত হয়?
(a) 15 অক্টোবর (b) 16 অক্টোবর (c) 17 অক্টোবর (d) 18 অক্টোবর
158. বিশ্বের সর্ববৃহৎ ম্যানগ্রোভ অরণ্যভূমি কোথায় অবস্থিত?
(a) গুজরাট (b) সুন্দরবন (c) ভিতরকণিকা (d) ভেমবানাদ
159. ভারতের প্রথম মহিলা রাজ্যপাল কে ছিলেন?
(a) সুচেতা কৃপালিনী (b) সরোজিনী নাইডু (c) সান্নো দেবী (d) ইন্দিরা গান্ধী
160. 'ওনাম' কোন রাজ্যের উৎসব?
(a) কেরল (b) আসাম (c) বিহার (d) কর্নাটক
161. সংবিধানের কত নম্বর ধারায় অর্থ কমিশনের উল্লেখ আছে?
(a) 260 (b) 250 (c) 280 (d) 282
162. ভিটামিন B_3 এর রাসায়নিক নাম কী?
(a) টোকোফেরল (b) সাইট্রিক (c) প্যান্টোথ্যানিক অ্যাসিড (d) কোলিন
163. নীচের ফুলগুলির মধ্যে কোনটি সম্পূর্ণ ফুল?
(a) কুমড়া (b) রজনীগন্ধা (c) জবা (d) টগর
164. গুটি বসন্তের টিকা কে আবিষ্কার করেন?
(a) হরগোবিন্দ খুরানা (b) জেনার (c) ডারউইন (d) ল্যামার্ক
165. সবচেয়ে মিষ্টি শর্করা হল:
(a) ফ্রুকটোজ (b) মলটোজ (c) সুক্রোজ (d) গ্যালাকটোজ
166. কোন মাসে সূর্য ও পৃথিবীর মধ্যে দূরত্ব সবচেয়ে কম থাকে?
(a) অক্টোবর (b) নভেম্বর (c) ফেব্রুয়ারি (d) জানুয়ারি
167. 'দ্য হোয়াইট টাইগার' বইটির লেখক কে?
(a) শোভা দে (b) অর্মত্য সেন (c) অরবিন্দ আদিগা (d) অরুণ সৌরী
168. 'ওয়াশিংটন' শহরটি কোন নদীর তীরে অবস্থিত?
(a) রাইন (b) ভলগা (c) জাইরে (d) পটোম্যাক
169. ভারত শাসন আইন কত সালে পাশ হয়েছিল?
(a) 1932 সালে (b) 1933 সালে (c) 1935 সালে (d) 1936 সালে
170. শশাঙ্কের রাজধানী কোথায় ছিল?
(a) তাম্রলিপ্ত (b) সমতট-এ (c) কর্ণসুবর্ণতে (d) কোনওটাই নয়
171. যদি '–' = '×'; '×' ='+'; '+' = '÷' এবং '÷' = '–' হয় তবে,
$40 \times 12 + 3 - 6 \div 60 = ?$
(a) 44 (b) 16 (c) 7.95 (d) 4
172. 32 : 21 : : 35 : ?
(a) 51 (b) 53 (c) 32 (d) 26
173. 10 m/s কে km/h -এ convert করলে মান কত হবে?
(a) 30 (b) 25 (c) 20 (d) 36
174. যদি $2x + 3y : 3x + 5y = 18 : 29$ হলে, $\frac{x}{y}$ -এর মান কত হবে?
(a) $\frac{3}{4}$ (b) $\frac{4}{3}$ (c) $\frac{2}{3}$ (d) $\frac{5}{6}$
175. পশ্চিমবঙ্গে ক'টি লোকসভা কেন্দ্র আছে?
(a) 41টি (b) 42টি (c) 43টি (d) 44টি
176. 'হিন্দুস্থানের তোতাপাখি' বলা হত কোন কবিকে?
(a) মহম্মদ ঘোরী (b) আমির খসরু (c) অলবিরুনী (d) অ্যানি বেসান্ত
177. আর্য সমাজের প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(a) মাদাম কামা (b) দয়ানন্দ সরস্বতী (c) রামমোহন রায় (d) বিবেকানন্দ
178. কবে মুসলিম লিগ প্রতিষ্ঠিত হয়?
(a) 1904 (b) 1905 (c) 1906 (d) 1907
179. 'মাতৃভাষায় সংবাদপত্র আইন' কে জারি করেন?
(a) ক্লিমেন্ট অ্যাটলি (b) লর্ড লিটন (c) উইলিয়াম বেন্টিঙ্ক (d) লর্ড ওয়েলেসলি
180. ঘুমের সময় মানুষের রক্তচাপ কীরকম থাকে?
(a) কমে (b) বাড়ে (c) ওঠানামা করে (d) স্থির থাকে
181. শান্তি স্বরূপ ভাটনগর পুরস্কার, 2020 তে পদার্থবিদ্যায় কাকে পুরস্কৃত করা হল?
(a) অভিজিৎ মুখার্জি (b) সুরজিৎ ধাড়া (c) জ্যোতির্ময়ী দাস (d) কেউই নয়
182. 2022 সালের এশিয়া কাপ ক্রিকেট টুর্নামেন্ট কোথায় অনুষ্ঠিত হতে চলেছে?
(a) শ্রীলঙ্কায় (b) ভারতে (c) পাকিস্তানে (d) আফগানিস্তানে
183. ফিফা অনুর্ধ 20 বিশ্বকাপ (পুরুষ) 2023 সালে কোন দেশে অনুষ্ঠিত হবে?
(a) আমেরিকা (b) চিন (c) জাপান (d) ইন্দোনেশিয়া
184. ICC-এর নতুন নিয়ম অনুযায়ী আন্তর্জাতিক ক্রিকেটে যোগদানের ন্যূনতম বয়স কত?
(a) 14 বছর (b) 15 বছর (c) 16 বছর (d) 17 বছর
185. রাশিয়ার প্রথম কোভিড-19 ভ্যাকসিনের নাম কী?
(a) করোলীন (b) স্পুটনিক -V (c) কমমস (d) কোনটি নয়
186. ভারত মহাসাগরে স্থায়ী সামরিক ঘাঁটি নির্মাণের সিদ্ধান্ত নিয়েছে কোন দেশ?
(a) ইরাক (b) ভারত (c) চিন (d) ইরান
187. কলকাতা বন্দরের নতুন নাম কী রাখা হয়েছে?
(a) রাজনাথ সিং বন্দর (b) শ্যামাপ্রসাদ মুখার্জি বন্দর (c) নেহরু বন্দর (d) কোনওটিই নয়
188. বিশ্ব খাদ্য সুরক্ষা দিবস হিসেবে কোন দিনটিকে পালন করা হয়?
(a) 7 অগস্ট (b) 7 এপ্রিল (c) 7 জুন (d) 7 জুলাই
189. ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউট কোথায় অবস্থিত?
(a) নাগপুর (b) কলকাতা (c) দুর্গাপুর (d) দেরাদুন
190. রাজীব গান্ধী খেল রত্ন পুরস্কারে ভূষিত হয়েছেন কোন ক্রিকেটার?
(a) বিরাট কোহলি (b) রোহিত শর্মা (c) ঋদ্ধিমান সাহা (d) ইশান্ত শর্মা
191. $99\frac{1}{7} + 99\frac{2}{7} + 99\frac{3}{7} + 99\frac{4}{7} + 99\frac{5}{7} + 99\frac{6}{7}$ -এর মান হল:
(a) 597 (b) 598 (c) 599 (d) 600
192. দু'টি সংখ্যার পার্থক্য ও এদের গুণফল যথাক্রমে 32 ও 2145; এদের যোগফল কত হবে?
(a) 97 (b) 98 (c) 99 (d) 100
193. সর্বাধিক সংখ্যাটি বের করতে হবে যেটি দিয়ে 107 ও 120 কে ভাগ করলে যথাক্রমে 5 ও 1 অবশিষ্ট থাকে?
(a) 17 (b) 19 (c) 21 (d) 23
194. ভারতীয় সংবিধানে ক'টি তপশিল রয়েছে?
(a) 9টি (b) 10টি (c) 11টি (d) 12টি
195. সর্ব-ভারতীয় শ্রমিক ইউনিয়ন কংগ্রেস (AITUC) প্রথম প্রতিষ্ঠিত হয়েছিল?
(a) 1920 সালে (b) 1921 সালে (c) 1922 সালে (d) 1923 সালে
196. কোন বছর বিধবা বিবাহ আইন পাস হয়?
(a) 1829 (b) 1856 (c) 1859 (d) 1863
197. ভারতে নতুন অর্থনৈতিক নীতি চালু হয়েছে কোন বছরে?
(a) 1987 (b) 1991 (c) 1995 (d) 1999
198. কত সালে ভারত সভা প্রতিষ্ঠিত হয়?
(a) 1840 (b) 1894 (c) 1876 (d) 1880
199. 'বুদ্ধচরিত' কে রচনা করেন?
(a) বিপিনচন্দ্র পাল (b) লালা লাজপত রায় (c) অশ্বঘোষ (d) বিশাখ দত্ত
200. সংবিধানের কোন ধারা অনুযায়ী রাষ্ট্রপতিকে 'ইমপিচ' করা যায়?
(a) 58 নম্বর ধারা (b) 59 নম্বর ধারা (c) 60 নম্বর ধারা (d) 61 নম্বর ধারা

উত্তর

137(c), 138(d), 139(a), 140(c), 141(b), 142(b), 143(c), 144(a), 145(c), 146(b), 147(a), 148(c), 149(a), 150(a), 151(a), 152(b), 153(b), 154(b), 155(a), 156(b), 157(b), 158(b), 159(b), 160(a), 161(c), 162(c), 163(c), 164(b), 165(c), 166(d), 167(c), 168(d), 169(c), 170(c), 171(d), 172(a), 173(d), 174(a), 175(b), 176(b),

এরপর ছয়ের পাতায়

রাজ্য পুলিশে ৮৬৩২ কনস্টেবল

নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. পশ্চিমবঙ্গের বিধান পরিষদের বিলোপ করা হয় কত সালে?
(a) 1969 (b) 2011 (c) 1977 (d) 1986
2. 'Catch-As-Catch-Can' কথাগুলি কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) বক্সিং (b) ক্রিকেট (c) কুস্তি (d) ভলিবল
3. PSLV পুরো কথাটি হল:
(a) Polar Satellite Launch Vehicle (b) Polar Space Launch Vehicle (c) Portable Satellite Launch Vehicle (d) Propulsion Satellite Launch Vehicle
4. শামুকের গমন পদ্ধতিকে কী বলা হয়?
(a) ওয়াকিং (b) লুপিং (c) স্লিপিং (d) ক্রলিং
5. 'তিন বিঘা করিডোর' কোন দু'টি দেশের আন্তর্জাতিক সীমারেখা?
(a) ইন্দোনেশিয়া ও বাংলাদেশ (b) বাংলাদেশ ও ভারত (c) নেপাল ও ভারত (d) ভুটান ও বাংলাদেশ
6. ভারতের সংবিধানের কত নম্বর ধারায় জাতীয় জরুরি অবস্থা ঘোষণার কথা উল্লেখ রয়েছে?
(a) 352 নম্বর (b) 353 নম্বর (c) 354 নম্বর (d) 356 নম্বর
7. 'প্রতিনিধিসভা' কোন দেশের পার্লামেন্টের নাম?
(a) ভুটান (b) নেপাল (c) বাংলাদেশ (d) মায়ানমার
8. ম্যান্ডিবল নামক হাড়টি মানব শরীরের কোন অংশে অবস্থিত?
(a) হাঁটু (b) মুখের চোয়ালে (c) কাঁধে (d) কোমরে
9. কপার সালফেট বা ব্লু ভিট্রিয়ল-এর রাসায়নিক সংকেত হল:
(a) $CuSO_4$ (b) CuS_4 (c) CuSO (d) CuS_4O
10. হাজারিবাগ ন্যাশনাল পার্ক কোথায় অবস্থিত?
(a) হিমাচল প্রদেশ (b) ঝাড়খণ্ড (c) পশ্চিমবঙ্গ (d) ত্রিপুরা
11. 'আরাম হারাম হ্যায়' কে বলেছিলেন?
(a) লালবাহাদুর শাস্ত্রী (b) জওহরলাল নেহরু (c) সর্দার প্যাটেল (d) আব্দুল কালাম
12. 'Women Will' নামে ওয়েব প্ল্যাটফর্ম চালু করল কোন সংস্থা?
(a) আমাজন (b) গুগল (c) বিগ বাস্কেট (d) বি এস এন এল
13. 'বিরিঞ্চিবাবা' চরিত্রটির স্রষ্টা কে?
(a) সুনীল গঙ্গোপাধ্যায় (b) রাজশেখর বসু (c) নীরেন্দ্রনাথ চক্রবর্তী (d) নারায়ণ সান্যাল
14. লোকসভায় সভাপতিত্ব করেন:
(a) প্রধানমন্ত্রী (b) স্পিকার (c) স্বরাষ্ট্রমন্ত্রী (d) রাষ্ট্রপতি
15. বাইসাইকেল কে আবিষ্কার করেন?
(a) হারকিউলিস (b) ম্যাকমিলন (c) মাইকেল ফ্যারাডে (d) এভন
16. 'ব্রিটেন অফ সাউথ' কোন দেশকে বলা হয়?
(a) নিউজিল্যান্ড (b) কেনিয়া (c) জিম্বাবোয়ে (d) আয়ারল্যান্ড
17. 'মৃচ্ছকটিক' গ্রন্থটি কার লেখা?
(a) সন্ধ্যাকর নন্দী (b) তুলসী দাস (c) শূদ্রক (d) বিশাখা দত্ত
18. বিশ্বের বৃহত্তম চিকিৎসা স্কুল কোন দেশে অবস্থিত?
(a) ফ্রান্স (b) কিউবা (c) ইতালি (d) আমেরিকা
19. 'The Robots of Dawn' —বইটি কার লেখা?
(a) সত্যজিৎ রায় (b) আইজ্যাক অ্যাসিমভ (c) ডেনিয়েল অলিভো (d) রেমোঁদ ক্লাভেল
20. পৃথিবীর বেশিরভাগ মানুষের রক্তের গ্রুপ হল:
(a) 'ও' পজিটিভ (b) 'এ' পজিটিভ (c) 'বি' পজিটিভ (d) 'এবি' পজিটিভ
21. ভারতের কমান্ডার ইন চিফ কে?
(a) চন্ডিপ্রসাদ মোহান্তি (b) মনোজ মুকুন্দ নারাভানে (c) রামনাথ কোবিন্দ (d) করমবীর সিংহ
22. 'ক্যামেলিয়া সাইনেনসিস' কোন গাছের বিজ্ঞানসম্মত নাম?
(a) সেগুন গাছ (b) চা গাছ (c) লঙ্কা গাছ (d) বেগুন গাছ
23. বাঁটুল দ্য গ্রেট' কমিকস সিরিজের স্রষ্ট্রা কে?
(a) নারায়ণ দেবনাথ (b) নারায়ণ স্যানাল (c) নারায়ণ গঙ্গোপাধ্যায় (d) নারায়ণ বিশ্বাস
24. মুসলিম লিগ কোন আন্দোলনের সময় প্রতিষ্ঠিত হয়?
(a) ভারত ছাড়ো (b) বঙ্গভঙ্গ (c) আলিগড় (d) খিলাফৎ
25. 'Sole of Spokesman' বইটির রচনাকার কে?
(a) ডঃ আয়েষা জালাল (b) আমিল আলি (c) ফজলুল হক (d) মহম্মদ ইকবাল
26. 'অবজেকটিভ রেজ্যুলেসন' কে উত্থাপন করেন?
(a) মানবেন্দ্রনাথ রায় (b) জওহরলাল নেহরু (c) ডঃ রাজেন্দ্রপ্রসাদ (d) সচ্চিদানন্দ সিনহা
27. চিরাগ শেট্টি কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) ব্যাডমিন্টন (b) টেবিল টেনিস (c) কবাডি (d) হকি
28. 'ডেঞ্জারাস' মিউজিক অ্যালবামটি কোন বিখ্যাত শিল্পীর?
(a) বব ডিলান (b) মাইকেল জ্যাকসন (c) পিট সিগার (d) জাস্টিন বিবার
29. 'ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল'-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
(a) দুবাই (b) সিডনি (c) ওয়েলিংটন (d) মুম্বই
30. 'রাউন্ড গ্লাস পাঞ্জাব' হল একটি:
(a) হকি ক্লাব (b) ফুটবল ক্লাব (c) কবাডি দল (d) রাগবি দল
31. MSME-এর পুরো কথা হল:
(a) Micro, Small and Medium Enterprises (b) Medium, Small and Minimum Enterprises (c) Manufacturing Service of Medium Enterprises (d) Medium sales and Micro Enterprises
32. কত সাল থেকে ভারতে 18 বছরে ভোটাধিকার কার্যকর হয়?
(a) 1990 (b) 1989 (c) 1992 (d) 1988

এরপর ছয়ের পাতায়

পশ্চিম রেলে ৩৫৯১ অ্যাপ্রেন্টিস

প্রথম পাতার পর

১৪টি, টার্নার ১টি, কার্পেন্টার ৬টি, পেইন্টার ৩টি, ডি এস এল মেকানিক ৭টি।

ইলেক্ট্রিক্যাল বিভাগ: ফিটার ২টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ৮টি, ডিজেল মেকানিক ৮৬টি, টার্নার ৭টি, ইলেক্ট্রিশিয়ান ১১৬টি, ইলেক্ট্রনিক মেকানিক ২৪টি, রেফ্রিজারেটর/এ সি-মেকানিক ১৫টি।

ইঞ্জিনিয়ারিং বিভাগ: কার্পেন্টার ৪০টি, পেইন্টার ৪০টি, পাইপ ফিটার ৫৫টি, প্লাম্বার ৪০টি, ড্রাফটসম্যান (সিভিল) ১৫টি।

পার্সোনেল বিভাগ: প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট অ্যান্ড সিস্টেমস অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট ২৮টি, স্টেনোগ্রাফার (ইংলিশ) ১টি।

ব্রিজ-মেকানিক্যাল: ফিটার ৩টি, ওয়েল্ডার ৩টি।

রতলম (আর টি এম) ডিভিশন: মেকানিক্যাল বিভাগ: ফিটার ৯০টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ২৮টি, মেশিনিস্ট ৪টি।

ইলেক্ট্রিক্যাল বিভাগ: ফিটার ৬টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ৯টি, ডিজেল মেকানিক ৪০টি, মেকানিক (মোটর ভেহিকেল) ৫টি, ইলেক্ট্রিশিয়ান ৭৪টি, ইলেক্ট্রনিক মেকানিক ৩টি, রেফ্রিজারেটর/এ সি-মেকানিক ৭টি।

ইঞ্জিনিয়ারিং বিভাগ: কার্পেন্টার ৩০টি, পেইন্টার ৩০টি, পাইপ ফিটার ৪৫টি, প্লাম্বার ৩০টি, ড্রাফটসম্যান (সিভিল) ১০টি।

পার্সোনেল বিভাগ: প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট অ্যান্ড সিস্টেমস অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট ২২টি, স্টেনোগ্রাফার (ইংলিশ) ১টি।

রাজকোট (আর জে টি) ডিভিশন: মেকানিক্যাল বিভাগ: ফিটার ৪৫টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ৮টি।

ইলেক্ট্রিক্যাল বিভাগ: ইলেক্ট্রিশিয়ান ৯টি, ইলেক্ট্রনিক মেকানিক ৪টি, রেফ্রিজারেটর/এ সি-মেকানিক ৭টি।

ইঞ্জিনিয়ারিং বিভাগ: কার্পেন্টার ১৭টি, পেইন্টার ১৫টি, পাইপ ফিটার ২৬টি, প্লাম্বার ১৫টি, ড্রাফটসম্যান (সিভিল) ১৫টি।

পার্সোনেল বিভাগ: প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট অ্যান্ড সিস্টেমস অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট ১৫টি।

ভাবনগর (বি ভি পি) ডিভিশন: মেকানিক্যাল বিভাগ: ফিটার ২৮টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ১২টি, কার্পেন্টার ১৩টি, পেইন্টার ৭টি।

ইলেক্ট্রিক্যাল বিভাগ: ইলেক্ট্রিশিয়ান ২৫টি, ইলেক্ট্রনিক মেকানিক ১২টি, রেফ্রিজারেটর/এ সি-মেকানিক ১১টি।

ইঞ্জিনিয়ারিং বিভাগ: কার্পেন্টার ১৬টি, পেইন্টার ১৬টি, পাইপ ফিটার ২৫টি, প্লাম্বার ১৬টি, ড্রাফটসম্যান (সিভিল) ১৩টি।

পার্সোনেল বিভাগ: প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট অ্যান্ড সিস্টেমস অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট ১৬টি।

লোয়ার প্যারেল (পি এল) ডব্লু/শপ: মেকানিক্যাল বিভাগ: ফিটার ১৯০টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ১২৪টি।

ইলেক্ট্রিক্যাল বিভাগ: ইলেক্ট্রিশিয়ান ২৯টি, রেফ্রিজারেটর/এ সি-মেকানিক ৪৫টি।

পার্সোনেল বিভাগ: প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট অ্যান্ড সিস্টেমস অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট ৮টি।

মহালক্ষ্মী (এম এক্স) ডব্লু/ শপ: ইলেক্ট্রিক্যাল বিভাগ: ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ১টি, টার্নার ৩টি, ইলেক্ট্রিশিয়ান ৬০টি।

ভাবনগর (বি ভি পি) ডব্লু/ শপ: মেকানিক্যাল বিভাগ: ফিটার ৪২টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ১৮টি, টার্নার ৪টি।

পার্সোনেল বিভাগ: প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট অ্যান্ড সিস্টেমস অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট ৯টি।

দাহোড় (ডি এইচ ডি) ডব্লু/ শপ: মেকানিক্যাল বিভাগ: ফিটার ১১৪টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ৩৪টি, টার্নার ১টি, মেশিনিস্ট ১১টি।

ইলেক্ট্রিক্যাল বিভাগ: ইলেক্ট্রিশিয়ান ১৭টি।

পার্সোনেল বিভাগ: প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট অ্যান্ড সিস্টেমস অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট ১০টি।

প্রতাপনগর (পি আর টি এন) ডব্লু/ শপ, ভদোদরা: মেকানিক্যাল বিভাগ: মেকানিক ফিটার ৩৩টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ৯টি, মেশিনিস্ট ৩টি।

সবরমতী (এস বি আই) ইঞ্জিনিয়ারিং ডব্লু/ শপ, আমেদাবাদ: ইঞ্জিনিয়ারিং বিভাগ: মেকানিক ফিটার ৩০টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ২০টি, ডিজেল মেকানিক ১০টি।

সবরমতী (এস বি আই) সিগনাল ডব্লু/ শপ, আমেদাবাদ: সিগনাল অ্যান্ড টেলিকমিউনিকেশন বিভাগ: মেকানিক ফিটার ১৩টি, টার্নার ১২টি।

হেড কোয়ার্টার অফিস: টি এম (এইচ কিউ) কন্ট্রোলড: মেকানিক ফিটার ১৫টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ১০টি, ডিজেল মেকানিক ৯টি, ইলেক্ট্রিশিয়ান ১৫টি।

পার্সোনেল বিভাগ: প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট অ্যান্ড সিস্টেমস অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট ৩০টি, স্টেনোগ্রাফার (ইংলিশ) ৪টি।

সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে। মনে রাখবেন, যে-কোনও একটি ডিভিশন বা ওয়ার্কশপের জন্য নির্দিষ্ট আসনে আবেদন করা যাবে।

শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। ওয়্যারম্যান ট্রেডের ক্ষেত্রে ইলেক্ট্রিশিয়ান, পাইপ ফিটার ট্রেডের ক্ষেত্রে প্লাম্বার ট্রেডে আই টি আই পাশ করে থাকলেও আবেদন করা যাবে।

বয়স: ২৪-৬-২০২১ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.rrc-wr.com আবেদনের শেষ তারিখ ২৪ জুন।

অনলাইনে আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি দেওয়া যাবে ইন্টারনেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

এন টি পি সি-তে ২৮০

প্রথম পাতার পর

সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় নির্ধারিত বিষয়ে ব্যাচেলর্স ডিগ্রি। এ এম আই ই-রাও আবেদন করতে পারেন। সঙ্গে গেট-২০২১ পরীক্ষায় নির্দিষ্ট পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

ইঞ্জিনিয়ারিং শাখা অনুযায়ী নির্ধারিত বিষয়গুলি হল (ব্র্যাকেটে গেট-পত্র): ইলেক্ট্রিক্যাল (ই ই): ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, পাওয়ার সিস্টেমস অ্যান্ড হাই ভোল্টেজ, পাওয়ার ইলেক্ট্রনিক্স, পাওয়ার ইঞ্জিনিয়ারিং। **মেকানিক্যাল (এম ই):** মেকানিক্যাল, প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, থার্মাল, মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন, পাওয়ার ইঞ্জিনিয়ারিং। **ইলেক্ট্রনিক্স (ই সি)**: ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার, পাওয়ার ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স। **ইনস্ট্রুমেন্টেশন (আই এন):** ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল।

ফাইনাল ইয়ার বা সেমেস্টারের ছাত্রছাত্রীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

বয়স: ১০-৬-২০২১ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: ৪০,০০০-১,৪০,০০০ টাকা।

গেট-২০২১ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ntpccareers.net দরখাস্তের শেষ তারিখ ১০ জুন।

দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো এবং সই আপলোড করতে হবে। অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিটের পর রেজিস্ট্রেশন স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এছাড়া, অফলাইনে ফি জমা দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার পে-ইন-স্লিপের মাধ্যমে। পে-ইন-স্লিপ ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। অনলাইনে ফি জমা দিলে ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। রেজিস্ট্রেশন স্লিপ এবং ই-রিসিপ্টের প্রিন্ট আউট নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.ntpc.co.in

মান্ডি আই আই টি-তে নন-টিচিং স্টাফ

প্রথম পাতার পর

বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৪ জুন।

বিশদ জানতে আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ব্যারাকপুর ক্যান্টনমেন্ট বোর্ডে স্বাস্থ্যকর্মী

প্রথম পাতার পর

প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ নিয়ে থাকতে হবে। বেতন: প্রতি মাসে ১০,০০০ টাকা।

সম্পূর্ণ জীবনপঞ্জি-সহ বয়স, শিক্ষাগত যোগ্যতা ও কাজের অভিজ্ঞতার যাবতীয় নথিপত্র ও সেগুলির প্রত্যয়িত নকল ওয়াক-ইন-ইন্টারভিউয়ে নিয়ে যেতে হবে।

ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: ক্যান্টনমেন্ট বোর্ড, ব্যারাকপুর, ৭৭, মিডল রোড, ব্যারাকপুর, কলকাতা-৭০০১২০।

আগ্রহী প্রার্থীরা দেখুন এই ওয়েবসাইট: https://barrackpore.cantt.gov.in

রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদে চাকরি

প্রথম পাতার পর

৪২,০০০ টাকা এবং প্রোজেক্ট অ্যাসোসিয়েট পদের ক্ষেত্রে প্রতি মাসে ৩৫,০০০ টাকা।

প্রাথমিক ভাবে মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ কলকাতায়।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://www.wbpcb.gov.in দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে। দরখাস্ত পি ডি এফ ফর্ম্যাটে ই-মেল করবেন এই ঠিকানায়: ncap.wbpcb@gmail.com. ই-মেল পাঠানোর শেষ তারিখ ৪ জুন (বিকেল ৫টা পর্যন্ত)।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

সরকারি গবেষণাগারে চাকরি

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, টেকনিক্যাল অফিসার, সিনিয়র টেকনিক্যাল অফিসার পদে ৩৮ জনকে নেবে ন্যাশনাল জিওফিজিক্যাল রিসার্চ ইনস্টিটিউট। এটি কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর NGRI/Gr III/3/2021.

শূন্যপদের বিবরণ: টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট: ২১টি। শিক্ষাগত যোগ্যতা: বি এসসি বা ডিপ্লোমা। স্নাতকদের ক্ষেত্রে ১ বছর এবং ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২৮ বছরের মধ্যে হতে হবে।

টেকনিক্যাল অফিসার: ৬টি। শিক্ষাগত যোগ্যতা: সায়েন্স বা টেকনোলজিতে স্নাতকোত্তর ডিগ্রি বা বি ই বা বি টেক। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে।

সিনিয়র টেকনিক্যাল অফিসার-১: ৭টি। শিক্ষাগত যোগ্যতা: সায়েন্স বা টেকনোলজিতে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে।

সিনিয়র টেকনিক্যাল অফিসার-২: ৪টি। শিক্ষাগত যোগ্যতা: সায়েন্স বা টেকনোলজিতে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৪০ বছরের মধ্যে হতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ngri.org.in দরখাস্তের শেষ তারিখ ১৪ জুন।

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ফ্যাশন ইনস্টিটিউটে বিভিন্ন চাকরি

বিভিন্ন পদে কিছু কর্মী নেবে ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজি। তিন বছরের চুক্তিতে নিয়োগ করা হবে প্রতিষ্ঠানের শ্রীনগর ক্যাম্পাসে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর NIFT/Srinagar/Advt No.:01/2021.

নিয়োগ করা হবে এই সব পদে (বন্ধনীতে শূন্যপদ): মাল্টি টাস্কিং স্টাফ (৭টি), স্টেনো গ্রেড থ্রি (১টি), অ্যাসিস্ট্যান্ট (ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস) (১টি), অ্যাসিস্ট্যান্ট ওয়ার্ডেন (মহিলা) (১টি), মেশিন মেকানিক (১টি), লাইব্রেরি অ্যাসিস্ট্যান্ট (১টি), জুনিয়র অ্যাসিস্ট্যান্ট (২টি), ল্যাব অ্যাসিস্ট্যান্ট (এফ ডি) (১টি), ল্যাব অ্যাসিস্ট্যান্ট (এফ সি) (১টি), ল্যাব অ্যাসিস্ট্যান্ট (আই টি) (১টি), ড্রাইভার (১টি)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nift.ac.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২১ জুন।

ফল বেরোল

রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার অফিসার (গ্রেড-বি) পদে নিয়োগের ক্ষেত্রে গত মার্চ/এপ্রিলে হওয়া দ্বিতীয় ও তৃতীয় পত্রের লিখিত পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.rbi.org.in সফল প্রার্থীদের এ বার ইন্টারভিউ হবে। আগ্রহীরা নজর রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

□

ব্যাঙ্ক অব বরোদায় স্পেশ্যালিস্ট অফিসার (ফায়ার) পদে নিয়োগের ক্ষেত্রে গত ৭ মার্চে হওয়া অনলাইন পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.bankofbaroda.in সফল প্রার্থীদের এ বার ইন্টারভিউ এবং নথিপত্র যাচাই করা হবে।

MECON LIMITED
(A PSU under Ministry of Steel, Govt. of India)

CORRIGENDUM to Ref. Adv. No:11.73.4.1/2021/NISP O&M Contract/01 Dated: 12.05.2021

THE BRIEF DETAILS OF REQUIREMENT ARE:

Post : At All Levels | **Duration of Engagement** : 03 (three) years and on Fixed Term Contract.

Place of Posting : Nagarnar Iron and Steel Plant (NISP), Nagarnar, Jagdalpur (C.G.)

Job Profile : Experience in Operation & Maintenance Function(s) of one or more units of Steel Plant in typical integrated steel plants.

The following main areas are included:

a. Raw Materials Management and Handling System		b. Compressed Air Plant
c. Coke Oven and By-Products		d. Lime and Dolomite Plant
e. Blast Furnace	f. Rolling Mills	g. Sinter Plant
h. Railway and Transportation Logistics/Traffic and Raw Materials Systems		
i. Steel Making	j. Laboratory	k. Caster
l. Water and Other Utilities Management.	m. Supply Chain, Production Planning & Cost Mgt	

Rest all information and conditions will remain same.

IndianOil

INDIAN OIL CORPORATION LIMITED REQUIRES PANEL DOCTOR

Applications are invited from Medical professionals for part-time Doctor-in-Attendance (1 no.) on retainership basis to visit our office located Indian Oil Corporation Limited (Pipelines Division), Guwahati-Siliguri Pipeline, P.O.: Madarihat, Distt. Alipurduar, West Bengal- 735220 **for Two (2) hours per day for Two (2) days in a week.**

Doctors with MD (Medicine)/ MS (General Surgery)/MBBS qualification and 5 years' experience as General Practitioner are eligible to apply. However, doctors with MD (Medicine)/ MS (General Surgery) will be preferred over MBBS. The Retainer fees for doctors with MD (Medicine)/ MS (General Surgery) shall be Rs.1260/- per hour. The retainer fees for doctors with MBBS qualification shall be Rs.970/- per hour. An increase of 5% annually on cumulative basis will also be paid for next three years or till next revision. The remuneration will be paid on actual attendance basis.

Interested candidates may send their application in a sealed cover super scribing **"APPLICATION FOR PANEL DOCTOR AT GSPL MADARIHAT"** to Human Resource Manager, Indian Oil Corporation Ltd., (Pipelines Division), Guwahati Siliguri Pipeline, Guwahati HQ., Sector-3, P.O.: Noonmati, Guwahati, Assam- 781020 (Mobile No. 9445956123) by **(date to be mentioned as within 15 days of advertisement date)** in the following format:

1. Name:
2. Date of Birth:
3. Qualification:
4. Registration No. :
5. Experience (If any):
6. Residence and clinic address with Telephone No, Cell No. & E-mail ID.

For further details, please write on e-mail ID **ezunget@indianoil.in** or Contact Shri E. Tsuponthung Ezung, Human Resource Manager, GSPL Guwahati on Mobile No. 9445956123.

কর্মক্ষেত্র

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

কর্মখালি

এয়ারপোর্ট ও ব্যাঙ্কে জব

সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম/স্নাতক। বেতন: 18,300/- – 43,500/-, থাকা খাওয়া ফ্রী। N. D, C. Avenue, Kol-07, (M): 83709-73452.

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৯ মে দুপুর ২টো পর্যন্ত।

DISCLAIMER

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith

কারেন্ট অ্যাফেয়ার্স

৩০ এপ্রিল-৬ মে

৩০ এপ্রিল কোভিডের বিরুদ্ধে লড়াইয়ে ভারতের সশস্ত্র বাহিনীকে আপৎকালীন আর্থিক ক্ষমতা দিলেন কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। এর ফলে কোয়ারান্টাইন কেন্দ্র ও হাসপাতালের মতো পরিকাঠামো গড়ে তোলার পাশাপাশি ওষুধ-সহ চিকিৎসার সরঞ্জাম কেনার জন্য জরুরি ভিত্তিতে টাকা খরচ করতে পারবে সেনাবাহিনী। প্রতিরক্ষামন্ত্রক জানিয়েছে ১ মে থেকে তিন মাস এই বিশেষ ক্ষমতা থাকবে সশস্ত্র বাহিনীর হাতে।

আফগানিস্তান থেকে সেনা সরানোর ঘোষণা বাইডেনের

৩ মে: আফগানিস্তান থেকে সেনা সরানোর সিদ্ধান্তে কোনও বদল হবে না বলে স্পষ্ট জানিয়ে দিলেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। মার্কিন বাহিনীর হানায় ওসামা বিন লাদেনের হত্যার দশম বর্ষপূর্তির দিনেই তাঁর এই মন্তব্য বিশেষ তাৎপর্যপূর্ণ বলে মত বিশেষজ্ঞ মহলের। এদিন হোয়াইট হাউসের তরফে প্রকাশিত এক বিবৃতিতে বাইডেন বলেন, '৯/১১-র পর দেশের মানুষকে দেওয়া কথা রাখতে পেরেছে আমেরিকা।' তিনি আরও বলেন, 'বর্তমানে আফগানিস্তানে আল কায়দার ঘাঁটি প্রায় ধ্বংস হয়ে গিয়েছে। তবে আমেরিকা সে দেশ থেকে সেনা সরালেও নজর সরাচ্ছে না।'

“দেশে টিকা নেই। জিডিপি সবথেকে কম। কোভিডে মৃত্যুর সংখ্যা সবথেকে বেশি। সরকারের প্রতিক্রিয়া কী? প্রধানমন্ত্রী কাঁদছেন।”

রাহুল গান্ধী, *কংগ্রেস সাংসদ*
অতিমারী পরিস্থিতি সামলাতে সরকারের ব্যর্থতার অভিযোগ তুলে

দেশের প্রাক্তন অ্যাটর্নি জেনারেল সোলি সোরাবজি (৯১) কোভিড আক্রান্ত হয়ে প্রয়াত হলেন। ১৯৫৩ সালে বম্বে হাইকোর্টে আইনি জীবন শুরু করেছিলেন তিনি। পরে ১৯৮৯-৯০ সালে প্রথমবার এবং ১৯৯৮ থেকে ২০০৪ পর্যন্ত দ্বিতীয়বার ভারতের অ্যাটর্নি জেনারেল হিসেবে কাজ করেন তিনি। রাষ্ট্রপুঞ্জের মানবাধিকার রক্ষা সংক্রান্ত কমিশনের চেয়ারম্যান নিযুক্ত হয়েছিলেন সোরাবজি।

১ মে করোনা সংক্রমণে প্রয়াত হলেন টেবিল টেনিস কোচ তথা প্রাক্তন খেলোয়াড় রাজদীপ সরকার (৪০)। ১৯৯৫ সালে জাতীয় টেবিল টেনিসে সিঙ্গলসে জুনিয়র বিভাগে ব্রোঞ্জ পেয়েছিলেন রাজদীপ। এছাড়া সিনিয়র দলগত বিভাগেও জাতীয় প্রতিযোগিতায় একাধিক পদক পেয়েছেন তিনি।

প্রবীণ ফরওয়ার্ড ব্লক নেতা ও প্রাক্তন সাংসদ জয়ন্ত রায় (৭৯) প্রয়াত হলেন। বাম জমানার মন্ত্রী প্রয়াত ছায়া ঘোষের সঙ্গে মুর্শিদাবাদ জেলায় দলীয় সংগঠন গড়ে তোলায় তাঁর বিশেষ ভূমিকা ছিল। রাজ্যসভার সাংসদ ছিলেন ৬ বছর। মুর্শিদাবাদ ফ ব-র জেলা চেয়ারম্যানও ছিলেন দীর্ঘদিন।

বিহারের সিওয়ানের প্রাক্তন আরজেডি সাংসদ মহম্মদ শাহাবুদ্দিন (৫৩) করোনায় আক্রান্ত হয়ে মারা গেলেন। জোড়া খুনের মামলায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত ছিলেন এই বাহুবলী নেতা।

ভারতে কয়েক সপ্তাহের লকডাউন প্রয়োজন বলে নিজের মতামত জানালেন মার্কিন প্রেসিডেন্টের চিকিৎসা সংক্রান্ত উপদেষ্টা অ্যান্টনি ফাউচি। এক সাক্ষাৎকারে তিনি জানান, ভারতে সম্ভবত সময়ের আগেই করোনাভাইরাসের বিরুদ্ধে লড়াইয়ে জয় ঘোষণা করা হয়ে গিয়েছিল। ফাউচি বলেন, 'এখন যতটা সম্ভব দেশে কাজকর্ম বন্ধ করা উচিত। ছ'মাসের জন্য লকডাউন করলে সমস্যা দেখা দিতে পারে। কিন্তু কয়েক সপ্তাহের লকডাউনেও সংক্রমণের প্রকৃতির উপরে বড় প্রভাব পড়তে পারে। কেউই লকডাউন করতে চান না। কিন্তু লকডাউন করলে শেষপর্যন্ত সংক্রমণ কম হতে পারে।'

করোনা রুখতে ব্যর্থতায় কেন্দ্রকে দুষলেন রাজন

৪ মে: করোনার দ্বিতীয় ঢেউয়ে দেশে বিপর্যস্ত অবস্থার জন্য দূরদর্শিতার অভাব এবং নেতৃত্বদানে অক্ষমতাকেই দায়ী করলেন রিজার্ভ ব্যাঙ্কের প্রাক্তন গভর্নর রঘুরাম রাজন। নরেন্দ্র মোদী সরকারের সমালোচনা করে তিনি জানান, যত্নবান এবং সতর্ক হলে এই পরিস্থিতি তৈরি হতো না। তাঁর বক্তব্য, বিশ্বের বাকি অংশে, যেমন ব্রাজিলে কী অবস্থা সে দিকে নজর দিলেই বোঝা যেত এই ভাইরাস চলে যায়নি, আবার ফিরে আসতে পারে শক্তিশালী হয়ে। রাজনের মতে, গতবছর সংক্রমণ কিছু কমে আসায় আত্মতৃপ্তির জেরেই আজ ভারতের এই দুর্দশা।

প্রয়াত জগমোহন মলহোত্র



৪ মে: পূর্বতন জম্মু-কাশ্মীর রাজ্যের প্রাক্তন রাজ্যপাল জগমোহন মলহোত্র (৯৩) প্রয়াত হলেন। অটলবিহারী বাজপেয়ীর আমলে কেন্দ্রীয় মন্ত্রী হিসেবে দক্ষতার পরিচয় দেন জগমোহন। কাজ করেছেন গোয়া-দমন-দিউ এবং দিল্লির উপরাজ্যপাল হিসেবে। সাংসদ হয়েছেন তিন বার। দু-দফায় রাজ্যপাল হয়েছেন সাবেক জম্মু-কাশ্মীর রাজ্যের। তাঁর মৃত্যুতে রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, উপ-রাষ্ট্রপতি বেঙ্কাইয়া নায়ডু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও অন্য বিজেপি নেতারা শোকবার্তায় জগমোহনের বিভিন্ন ক্ষেত্রের দক্ষতা, অবদান ও পাণ্ডিত্যের কথা উল্লেখ করেছেন।

রাজ্যে ক্ষমতায় তৃণমূল, কেরলে ফের বামফ্রন্ট

২ মে: বিধানসভা ভোটে জিতে তৃতীয়বারের জন্য রাজ্যে ক্ষমতায় ফিরল তৃণমূল। ২১৩ আসনে জয়ী হয়েছে তারা। বিজেপি ৭৭ আসনে জয়লাভ করে প্রধান বিরোধী দলের মর্যাদা পেয়েছে। বাম দলগুলি, কংগ্রেস ও আইএসএফ-এর সংযুক্ত মোর্চা একটি আসন পেয়েছে। আইএসএফ সেই আসনটি জিতলেও বাম ও কংগ্রেস একটিও আসন পায়নি। দুই দলের এমন বিপর্যয় আগে কখনও হয়নি। তৃণমূল কংগ্রেস ভোটে নজরকাড়া সাফল্য পেলেও দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় অবশ্য নন্দীগ্রাম কেন্দ্রে বিজেপি-র শুভেন্দু অধিকারীর কাছে পরাজিত হয়েছেন। পশ্চিমবঙ্গ ছাড়া বাকি চার রাজ্যের মধ্যে অসম ও পুদুচেরিতে বিজেপি-র নেতৃত্বাধীন এনডিএ জোট জয়লাভ করেছে। তামিলনাড়ুতে জয়ী করুণানিধি পুত্র এম কে স্ট্যালিনের নেতৃত্বাধীন ডিএমকে জোট। কেরলে পরপর দ্বিতীয়বার ক্ষমতায় ফিরল বামেরা। পিনারাই বিজয়নই হলেন প্রথম মুখ্যমন্ত্রী, যাঁর নেতৃত্বে কোনও সরকার সে রাজ্যে প্রত্যাবর্তন ঘটাতে পারল।

২ মে করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিহত করতে ভারত-সহ ছ'টি দেশে যাওয়ার ব্যাপারে নিষেধাজ্ঞা জারি করল ইজরায়েল। সে দেশের প্রধানমন্ত্রীর দপ্তর ও স্বাস্থ্যমন্ত্রক থেকে এক যুগ্ম বিবৃতিতে জানানো হয়েছে ইজরায়েলের নাগরিকদের ভারত, ইউক্রেন, ব্রাজিল, ইথিওপিয়া, দক্ষিণ আফ্রিকা, মেক্সিকো ও তুরস্কে যাওয়া এখন সম্পূর্ণ নিষিদ্ধ।

৩ মে চিনের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখা ক্রমশই কঠিন হয়ে যাচ্ছে বলে একযোগে স্বীকার করল অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড। চিনের আগ্রাসন নীতি নিয়ে নতুন করে সরব হয়েছে আমেরিকাও। উত্তর অস্ট্রেলিয়ার ডারউইনে একটি বাণিজ্যিক ও সামরিক বন্দরকে এক চিনা সংস্থার কাছে লিজ দেওয়া রয়েছে। অস্ট্রেলীয় সংবাদমাধ্যমের দাবি ৯৯ বছরের সেই লিজ নিয়ে পুনর্বিবেচনা করার সিদ্ধান্ত নিয়েছে অস্ট্রেলিয়ার স্কট মরিসনের সরকার। এই বন্দর লিজ দেওয়ার সময় ২০০৫ সালে প্রবল অসন্তোষ জানিয়েছিলেন তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামাও। অন্যদিকে, চিনের দীর্ঘদিনের বাণিজ্য সঙ্গী হওয়া সত্ত্বেও চিনের প্রতি অসন্তোষ জানিয়েছে নিউজিল্যান্ডও। সে দেশের প্রধানমন্ত্রী জেসিন্ডা আর্ডের্ন জানিয়েছেন, চিনের সঙ্গে সহমত পোষণ ধীরে ধীরে কঠিন হচ্ছে তাঁদের পক্ষে।

ভোটপর্ব চলাকালে রাজনৈতিক হানাহানিকে ছাপিয়ে গেল ভোটের ফল বেরনোর পরের সংঘর্ষ। ২ মে দুপুর থেকে এদিন রাত পর্যন্ত রাজনৈতিক সংঘর্ষে ১২টি প্রাণ গিয়েছে বলে অভিযোগ উঠল। নিহতদের মধ্যে বিজেপি-র পাঁচ, তৃণমূলের পাঁচ, আইএসএফের একজন রয়েছেন বলে দাবি। রাজ্যবাসীর কাছে বার বার শান্তি বজায় রাখার আবেদন জানিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকও ভোটের ফল-পরবর্তী হিংসার ব্যাপারে রাজ্যের কাছে রিপোর্ট চেয়ে পাঠিয়েছে।

করোনার দ্বিতীয় ঢেউয়ে দেশে চিকিৎসক ও নার্সদের সংখ্যা অপ্রতুল হয়ে পড়ায় সেই সমস্যা নিরসনে মেডিক্যাল পড়ুয়া এবং শিক্ষানবিস ডাক্তারদের করোনা চিকিৎসায় কাজে লাগানো যাবে বলে সিদ্ধান্ত নিল কেন্দ্র। সেইসঙ্গে দেশে টিকার ঘাটতি নিয়েও বিতর্ক শুরু হয়েছে। সেই বিতর্ককে উস্কে দিয়ে বহুজাতিক টিকা প্রস্তুতকারক সংস্থা ফাইজার জানিয়েছে, তারা প্রতিষেধক নিয়ে বসেই রয়েছে, কিন্তু ভারত সরকারের অনুমোদন মিলছে না।

বাংলাদেশকে হারিয়ে টেস্ট সিরিজ জিতল শ্রীলঙ্কা। প্রথম টেস্ট ড্র হওয়ার পর পাল্লেকেলে স্টেডিয়ামে দ্বিতীয় টেস্টে ২০৯ রানে জয় পেল শ্রীলঙ্কা। বাংলাদেশের বিরুদ্ধে জীবনের প্রথম টেস্ট খেলতে নেমে ১১ উইকেট নিয়ে ম্যাচ শেষ করলেন শ্রীলঙ্কার বাঁহাতি স্পিনার প্রবীণ জয়বিক্রম।

৪ মে কোভিডে আক্রান্ত হয়ে প্রয়াত হলেন জাতীয় বক্সিং সংস্থার কার্যকরী ডিরেক্টর রাজকুমার সাচেতির (৪৫)। সংস্থার পক্ষ থেকেই এক বিবৃতিতে এ খবর জানানো হয়। সাচেতির-এর মৃত্যুতে শোকজ্ঞাপন করেছে ভারতীয় অলিম্পিক সংস্থাও।

৫ মে ভোট পার হতেই রাজ্য পুলিশের ডিজি পদ ফিরে পেলেন বীরেন্দ্র। একইভাবে এডিজি (আইনশৃঙ্খলা)-র পদে ফিরে গেলেন জাভেদ শামিম। নির্বাচন কমিশনের নির্দেশে ভোট পর্বে ওঁদের সরে যেতে হয়েছিল। এদিন মুখ্যমন্ত্রী পদে তৃতীয়বার শপথ নিয়েই ওই অফিসারদের পুরনো পদে ফেরালেন মমতা বন্দ্যোপাধ্যায়। এছাড়াও রাজ্যের নিরাপত্তা অধিকর্তার পদে ফিরেছেন বিবেক সহায়। অতিরিক্ত নিরাপত্তা অধিকর্তা জ্ঞানবন্ত সিং-ও ফিরেছেন পুরনো পদে।

সুপ্রিম কোর্টে বাতিল হল মারাঠা সংরক্ষণ আইন। মহারাষ্ট্রের উচ্চশিক্ষা ও কর্মক্ষেত্রে মারাঠাদের ১৬ শতাংশ সংরক্ষণ চালু করে যে আইন এনেছিল রাজ্যের পূর্বতন বিজেপি সরকার, শীর্ষ আদালত তা বাতিল করে দিয়েছে। তবে ওই আইনের আওতায় ইতিমধ্যে যাঁদের চাকরি হয়েছে বা মেডিক্যালের উচ্চশিক্ষায় প্রবেশাধিকার মিলেছে তাঁদের উপরে এই রায়ের প্রভাব পড়বে না বলে সুপ্রিম কোর্ট জানিয়েছে।

৬ মে দেশে প্রতিষেধকের অভাবে টিকাকরণের হার কমছে বলে উদ্বেগ জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এদিন কোভিড মোকাবিলায় কেন্দ্রের শীর্ষ আমলাদের সঙ্গে বৈঠকে প্রধানমন্ত্রীর নির্দেশ, টিকাকরণের গতি কমলে চলবে না। রাজ্যস্তরে লকডাউন সত্ত্বেও তা চালিয়ে যেতে হবে। প্রসঙ্গত, সংক্রমণ বাড়ায় অনেক জায়গাতেই স্বাস্থ্যকর্মীর অভাব দেখা দিয়েছে। সেই সূত্রে প্রধানমন্ত্রীর নির্দেশ, টিকাকরণের কাজে নিযুক্ত স্বাস্থ্যকর্মীদের অন্যত্র সরানো চলবে না। উল্লেখ্য, কোভিডের থেকে রক্ষাকবচ হিসেবে দেশের ৩ শতাংশ মানুষেরও সম্পূর্ণ টিকাকরণ (দু'টি ডোজ) হয়নি এখনও। সে কারণেই দেশের নানা মহল থেকে বাড়ছে অসন্তোষ।

করোনায় প্রয়াত হলেন রাষ্ট্রীয় লোকদল (আরএলডি)-এর প্রধান এবং প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী অজিত সিং (৮২)। প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী চরণ সিংয়ের পুত্র অজিতের মৃত্যুতে শোকপ্রকাশ করেছেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রমুখ।

সেনা সমাবেশে তপ্ত ইউক্রেন-রাশিয়া সীমান্ত থেকে সম্প্রতি সেনা সরাতে শুরু করল রাশিয়া। তবু যে সংখ্যক সেনা এখনও সেখানে রয়েছে, তা যথেষ্ট তাৎপর্যপূর্ণ। কিয়েভ সফরে গিয়ে এ প্রসঙ্গে উদ্বেগ জানিয়েছেন মার্কিন প্রতিরক্ষা সচিব অ্যান্টনি ব্লিঙ্কেন। ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কিকে তিনি বলেছেন, 'আমরা সবরকম ভাবে ইউক্রেনের পাশে আছি। রাশিয়ার এই হঠকারী এবং আক্রমণাত্মক পদক্ষেপ নিয়ন্ত্রণের দিকে নজর রাখছি।'

শপথ নিলেন মমতা বন্দ্যোপাধ্যায়

৫ মে: তৃতীয়বারের জন্য মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। কোভিড পরিস্থিতির কারণে হাতে-গোনা কিছু অতিথির উপস্থিতিতে রাজভবনের থ্রোন রুমে শপথ গ্রহণ অনুষ্ঠান ছিল সংক্ষিপ্ত। শপথের পর নরেন্দ্র মোদী শুভেচ্ছাবার্তা পাঠান বাংলার মুখ্যমন্ত্রীকে। প্রধানমন্ত্রীর বার্তার জবাবে মমতা বলেন, 'বাংলার স্বার্থ মাথায় রেখে কেন্দ্রের ধারাবাহিক সহায়তার দিকে তাকিয়ে আমার পূর্ণ সহযোগিতা থাকবে। কোভিড-সহ নানা চ্যালেঞ্জের একসঙ্গে মোকাবিলা এবং কেন্দ্র-রাজ্য সম্পর্কের ক্ষেত্রে নতুন দৃষ্টান্ত যৌথ ভাবে তৈরি করতে পারি বলেও আশা রাখি।'

স্থগিত হল আইপিএল

৪ মে: শেষ পর্যন্ত কোভিড পরিস্থিতির জন্য আইপিএল স্থগিত করল ভারতীয় ক্রিকেট বোর্ড। বোর্ডের তৈরি অত্যাধুনিক জৈব সুরক্ষিত বলয় সত্ত্বেও একের পর এক টিমে হানা দিয়েছে করোনা। কলকাতা, চেন্নাইয়ের পর এদিন আক্রান্তের খবর আসা শুরু হয় দিল্লি, হায়দরাবাদের দল থেকেও। তার জেরেই আইপিএল অনির্দিষ্ট কালের জন্য স্থগিত রাখতে বাধ্য হল বোর্ড। সেপ্টেম্বরে বাকি ৩১ ম্যাচ করার ভাবনা রয়েছে বলে জানিয়েছে বোর্ড।

গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

সময়ের সঙ্গে ওঠাপড়াই ভবিষ্যতের জন্য মানসিক ভাবে দৃঢ় করে তুলবে

সৌগতকুমার চ্যাটার্জি
বিজনেস হেড, এডেম
সর্বভারতীয় মিডিয়া
রিপ্রেজেন্টেশন অ্যান্ড
কনসালটেন্সি সংস্থা

লকডাউন একটা সাময়িক স্থিতাবস্থা। একদিন অসুখের এই প্রবল সংক্রমণ থাকবে না। সেদিন নিশ্চয়ই আবার সব স্বাভাবিক হয়ে আসবে। বাজার এবং অর্থনীতিও গতি পাবে। তবে চারপাশের অবস্থার এই যে ক্রমাগত বদল ঘটে চলেছে, এর সঙ্গে তাল মিলিয়ে আমরাও কিন্তু বদলাচ্ছি।

চাকরির ইন্টারভিউ দেওয়ার সময় এবং নিজের সিভিতে জীবনের এই বদলগুলোকে হাইলাইট করলে খুব কাজে লাগবে। এখন যারা ইন্টারভিউ দিচ্ছ বা দেওয়ার জন্য তৈরি হচ্ছ, তারা এই ভাবেই সিভি তৈরি করার চেষ্টা করো।

নিজের বদলগুলোকে হাইলাইট করো

ফ্রেশারদের সিভিতে শিক্ষাসংক্রান্ত তথ্য এবং সহপাঠ্যক্রমিক কাজ সম্পর্কিত দক্ষতা ছাড়া খুব বেশি কিছু লেখার থাকে না। এখানে যোগ করো, কোভিড পরিস্থিতি অনুযায়ী কী ভাবে তোমার জীবন বদলেছে। হয়তো যে-কাজ আগে কখনও করোনি, দায়িত্ব এসে পড়ায় বাড়ির সেরকম কোনও কাজে হাত লাগিয়েছ। অথবা মানুষের প্রয়োজনে, প্রবল সংক্রমণের আশঙ্কা সত্ত্বেও ওষুধ-অক্সিজেন নিয়ে তাঁদের পাশে দাঁড়িয়েছ। সিভির মধ্যে অবশ্যই খুব বেশি বিস্তারিত না করে এসবের উল্লেখ করো। 'সোশ্যাল ওয়ার্ক' জাতীয় কোনও নাম দিয়ে আলাদা পয়েন্ট করে দিতে পারো। একই সঙ্গে সেই বিষয়ে বাস্তব উদাহরণ সহ উত্তর তৈরি রেখো— 'নিজের সম্পর্কে বলো' প্রশ্নটি করা হলে অল্প কথায় যাতে গুছিয়ে বলতে পারো।

অনেকেই নিঃশব্দে উপকার করে, সেই বিষয়ে কথা বলাকে আত্মপ্রচার মনে করে। এই মানসিকতা ভালো না মন্দ, সেটা আলাদা প্রসঙ্গ। কিন্তু চাকরির ইন্টারভিউয়ের সময় নিজেকে সঠিক ভাবে উপস্থাপন করতে হলে নিজের কথা বলতেই হবে। এর মধ্য দিয়ে প্রার্থীর সামাজিক দায়বদ্ধতা, নেতৃত্ব দেওয়ার ক্ষমতা, দলবদ্ধ ভাবে কাজ করার মানসিকতা এবং মনের জোরের মতো গুণাগুণ আছে কিনা সেসবই বুঝতে চেষ্টা করেন ইন্টারভিউয়াররা।

আত্মবিশ্বাসই হল মূল কথা

ইন্টারভিউ অনলাইন হোক বা সামনাসামনি, প্রার্থীর আত্মবিশ্বাসটাই সবচেয়ে বড় কথা। তুমি সব কিছু না জানতেই পারো, অনেক অসুবিধার মধ্যে থাকতে পারো, কিন্তু ইন্টারভিউয়ে সব খামতি পুষিয়ে দিতে পারে ওই একটি অস্ত্র, আত্মবিশ্বাস।

আমার প্রথম চাকরি ভোডাফোন সংস্থায়। ইন্টারভি ছিল তিন রাউন্ডের। প্রথম দু'টি রাউন্ড কলেজ ক্যাম্পাসে হয়, যার মধ্যে একটি ভাগে ছিল গ্রুপ ডিসকাশন। চে আবহে এবং বন্ধুদের সাহচর্যে সেটা ভালো ভাবেই উত যাই। ভয় চেপে ধরেছিল তৃতীয় রাউন্ডে। তৃতীয় রাউন্ ইন্টারভিউ ছিল সংস্থার অফিসে, উচ্চপদস্থ কর্তার সাম ফলে, আমি ক্রমাগত নিজেকে মোটিভেট করে যাচ্ছিলা পুরো সময়টা মুখে হাসি ধরে রেখেছিলাম, ভেতরে য হৃৎকম্প হোক না কেন! তাই নিজের উপর বিশ্বাসটা জরুরি। তাহলে সব ভয়কে জয় করা যায়।

আমি এখন দিল্লিতে থাকি। এখানেও পরিস্থিতি খুব ভয় হয়েছিল। এখন ধীরে ধীরে স্বাভাবিক হচ্ছে। সব কিছুর মধ্ কাজকর্ম চলছে যতটা সম্ভব। মানুষ হাত-পা গুটিয়ে ব নেই। সবাই নিজের মতো করে লড়াই করছে, নিজেকে তৈ করছে ভবিষ্যতের জন্য। আমার বাবা এবং স্ত্রীর কোভি হয়েছিল। কিছুদিন আগেও তাই বাড়ির পরিস্থিতি খুব ক ছিল। এখন দুজনেই সুস্থ। সময়ের সঙ্গে জীবনের এই ওঠাপ আমাদের ভবিষ্যতের জন্য মানসিক ভাবে দৃঢ় করে তুল

স্পোর্টস সায়েন্সের এম এসসি কোর্স



স্পোর্টস সায়েন্সের এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট। কোর্সের মেয়াদ ২ বছর। শুধু পুরুষরা আবেদন করবেন। কোর্স শুরু হবে অগস্টে।

কোর্সের বিবরণ: শিক্ষাগত যোগ্যতা: অনার্স-সহ বি এসসি বা বি ই বা বি টেক। এম বি বি এস ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। সবক্ষেত্রেই মোট অন্তত ৫০ শতাংশ (সংরক্ষিত ক্যাটেগরির ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে উত্তীর্ণ হয়ে থাকতে হবে। ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও আবেদন করতে পারেন।

বয়স: ১-৮-২০২১ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ২৭ জুলাই। পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল অ্যাপ্টিটিউড, স্পোর্টস অ্যাওয়্যারনেস এবং সংশ্লিষ্ট বিষয়ে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://isr.rkmvu.ac.in/admission উভয় কোর্সের ক্ষেত্রেই অনলাইন আবেদনের শেষ তারিখ ২৫ জুলাই। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র আপলোড করতে হবে।

ফি বাবদ ৩০০ টাকা দিতে হবে অনলাইনে ডেবিট কার্ড বা ভিসা/মাস্টার ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে।

অনলাইনে আবেদনের ফর্ম যথাযথভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। আবেদনপত্র সাবমিটের পর পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.rkmvu.ac.in

প্রকাশিত
মে, ২০২১
ভ্রমণ

এখন ঘরে বসে পড়ুন।
পরে বেরিয়ে পড়ুন।

কুলিকে পাখির রাজ্যে। আনলক পর্বে করবেটের জঙ্গলে।
গাড়োয়ালের পথে। গুপ্ত বৃন্দাবন থেকে তপোবন।
দলগাঁও থেকে চিসাং হয়ে পালা। কাংড়া উপত্যকা। তড়োবার
বাঘ। মায়াবী মেক্সিকো। দার্জিলিং। ছ'দশক আগের কাশ্মীর।

আজই আপনার সংবাদপত্র বিক্রেতাকে বলে রাখুন।

ডব্লু বি সি এস প্রিলিমিনারি

পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

দুয়ের পাতার পর

177(b), 178(c), 179(b), 180(c), 181(b), 182(c), 183(d), 184(b), 185(b), 186(d), 187(b), 188(c), 189(d), 190(b), 191(a), 192(b), 193(a), 194(d), 195(a), 196(b), 197(b), 198(c), 199(c), 200(d).

সমাধান

51(b): 240 [240] 120 40 10 2
÷ 1 ÷ 2 ÷ 3 ÷ 4 ÷ 5

54(b): ধরা যাক, পিতার বয়স x বছর
প্রশ্নানুযায়ী, x + 7 = 3 (42 – x + 7)
$\Rightarrow x + 7 = 3(49 - x) \Rightarrow x + 7 = 147 - 3x \Rightarrow 4x = 140 \Rightarrow \boxed{x = 35}$

57(c): L O P K (+4, –4)
I R M N (+4, –4)

71(a): $\frac{(2.3)^3 + (0.3)^3}{(2.3)^2 - 2.3\times0.3 + 0.3\times0.3}$

ধরা যাক, 2.3 = a & 0.3 = b, $\frac{a^3+b^3}{a^2-ab+b^2} = a + b = 2.3 + 0.3 = \boxed{2.6}$

80(a): দেওয়া আছে $\frac{x}{y} = \frac{3}{4}$

এখন, $\frac{6}{7} + \frac{y-x}{y+x} = \frac{6}{7} + \frac{1-\frac{x}{y}}{1+\frac{x}{y}}$ [উভয়পক্ষকে y দ্বারা ভাগ করে পাই]

$= \frac{6}{7} + \frac{1-\frac{3}{4}}{1+\frac{3}{4}} = \frac{6}{7} + \frac{4-3}{4+3} = \frac{6}{7} + \frac{1}{7} = 1.$

86(a): D → 4, E → 5, A → 1, F → 6 মোট 16 × 2 = 32
ঠিক একইভাবে, L → 12, E → 5, A → 1, F → 6 মোট 24 × 2 = 48.

117(a): a = 1, b = 2 এবং c = – 3
a + b + c = 1 + 2 – 3 = 0
$a^3 + b^3 + c^3 = 3abc$

$\therefore \frac{a^3+b^3+c^3-3abc}{ab+bc+ca-(a^2+b^2+c^2)} = \frac{0}{ab+bc+ca-(a^2+b^2+c^2)} = 0.$

118(b): $\frac{(0.73)^3+(0.27)^3}{(0.73)^2+(0.27)^2-0.73\times0.27}$

$= \frac{(0.73+0.27)\{(0.73)^2+(0.27)^2-0.73\times0.27\}}{(0.73)^2+(0.27)^2-0.73\times0.27} = (0.73 + 0.27) = 1.00 = 1$

121(d): H A P P Y
↓+1 ↓+1 ↓+1 ↓+1 ↓+1
I B Q Q Z
একইভাবে, S O R R O W
↓+1 ↓+1 ↓+1 ↓+1 ↓+1 ↓+1
T P S S P X

122(b): 4 ? 144 400 900 1764
2^2 6^2 12^2 20^2 30^2 42^2
$(2+4)^2$ $(6+6)^2$ $(12+8)^2$ $(20+10)^2$ $(30+12)^2$
এখানে, ? = $(2 + 4)^2 = 6^2 = 36$

133(a): (2 + 4 + 6) × 3 = 12 × 3 = 12 × 3 = 36
(5 + 5 + 5) × 2 = 15 × 2 = 30
? = (6 + 7 + 3) × 2 = 16 × 2 = 32.

134(b): 81 + 49 + 9 = 139
36 + 100 + 64 = 200
? = 25 + 36 + 16 = 77.

135(c): 4 6 10 18 34 66
+2 +4 +8 +16 +32

137(c): যদি x + y + z = 15, xy + yz + zx = 75
ধরা যাক, x = 5, y = 5, z = 5
$\frac{x+4y+z}{3z} = \frac{5+4\times5+5}{3\times5} = \frac{30}{15} = 2$

155(a): 196 169 144 121 100
$(14)^2$ $(13)^2$ $(12)^2$ $(11)^2$ $(10)^2$

156(b): $(08)^2 + 2$, 64 + 2 = 66, $(?)^2 + 2 = 38$
$(?)^2 = 38 - 2 = 36 \therefore ? = 6$

171(d): 40 × 12 + 3 – 6 ÷ 60 = 40 + 12 ÷ 3 × 6 – 60
= 40 + 4 × 6 – 60 = 40 + 24 – 60 = 64 – 60 = $\boxed{4}$

172(a): 32 ⇒ 3 + 2 = 5]
21 ⇒ 2 + 1 = 3] – 2

রাজ্য পুলিশে ৮৬৩২ কনস্টেবল

নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

দুয়ের পাতার পর

33. BHIM-এর পুরো কথা হল:
(a) Bharat Interface for Money (b) Bharat Interlink of Money (c) Bharatiya Interchange of Money (d) Bharat Information of Money

34. কোন নদীর উৎস হল অমরকন্টক?
(a) ব্রহ্মপুত্র (b) নর্মদা (c) তাপ্তি (d) যমুনা

35. সুভাষচন্দ্র বসুর মৃত্যু-সংক্রান্ত রহস্য সন্ধানে গঠিত সর্বশেষ কমিশনের নাম কী ছিল?
(a) জাস্টিস মুখার্জি কমিশন (b) চন্দ্রচূড় ধর কমিশন (c) শাহ নওয়াজ কমিটি (d) জাস্টিস খোসলা কমিশন

36. পশ্চিমবঙ্গ সরকারের অর্থ (Finance) বিভাগের সরকারি ওয়েবসাইটটি হল:
(a) www.wbfin.nic.in (b) www.wbfdept.in (c) www.westbengalfin.in (d) www.wbfin.egiyabangla.in

37. বাংলায় কৌলিন্য প্রথা চালু করেন কে?
(a) রাজা প্রতাপাদিত্য (b) রাজা বল্লাল সেন (c) রাজা কৃষ্ণচন্দ্র দাস (d) রাজা গোপাল রায়

38. 'দ্য মডার্ন টাইমস' সিনেমাটির পরিচালক কে?
(a) চার্লি চ্যাপলিন (b) আলফ্রেড হিচকক (c) ওরসন ওয়েলস (d) আকিরা কুরোসায়া

39. বায়ুমণ্ডলের কোন স্তরে মেরুজ্যোতি দেখা যায়?
(a) মেসোস্ফিয়ার (b) আয়োনোস্ফিয়ার (c) ট্রপোস্ফিয়ার (d) স্ট্র্যাটোস্ফিয়ার

40. প্রচলিত রীতি অনুযায়ী বিদ্যুৎ-এর আর্থ, লাইভ ও নিউট্রাল-এর কী কী রঙে চিহ্নিত করা হয়?
(a) সবুজ, লাল, হলুদ (b) সবুজ, লাল, কালো (c) লাল, নীল, হলুদ (d) নীল, লাল, সবুজ

41. সুকান্ত ভট্টাচার্যের 'প্রিয়তমাসু' কবিতাটি কোন মূল কাব্যগ্রন্থের অন্তর্গত?
(a) ঘুম নেই (b) ছাড়পত্র (c) পূর্বাভাস (d) মিঠে-কড়া

42. কোন হরমোনকে 'হাইপারগ্লাইসেমিয়া হরমোন' বলা হয়?
(a) টেস্টোস্টেরন (b) গ্লুকাগন (c) ইস্ট্রোজেন (d) ইনসুলিন

43. শিবসমুদ্র জলপ্রপাত কোন নদীতে গড়ে উঠেছে?
(a) কাবেরী (b) নর্মদা (c) কৃষ্ণা (d) গোদাবরী

44. ভারতের কোন শহরে প্রথম হকি ক্লাব প্রতিষ্ঠিত হয়?
(a) অমৃতসর (b) কলকাতা (c) মুম্বই (d) চণ্ডিগড়

45. 'Mother India' বইটির রচনাকার কে?
(a) ক্যাথরিন মেয়ো (b) জেরাল্ডিন ফোর্বস (c) র‍্যাচেল কারসন (d) আলফ্রেড ক্রসবি

46. 'Diamond' কোন খেলার মাঠকে বলা হয়?
(a) বেসবল (b) গল্ফ (c) ভলিবল (d) রাগবি

47. 'ল্যাটেরাইট' মাটির স্থানীয় নাম কী?
(a) মোরাম (b) রেগুর (c) ভাঙ্গর (d) খাদার

48. অস্ট্রেলিয়ার রাজধানী হল:
(a) সিডনি (b) ক্যানবেরা (c) মেলবোর্ন (d) বিসবেন

49. বাংলাদেশের বিজয় দিবস কত তারিখে পালিত হয়?
(a) 16 ডিসেম্বর (b) 26 মার্চ (c) 21 ফেব্রুয়ারি (d) 25 জানুয়ারি

50. প্রথম ভারতীয় মিসাইল কোনটি?
(a) পৃথ্বি (b) অগ্নি (c) নির্ভয় (d) শৌর্য

51. কাজল প্রতিদিন সকালে বাড়ি থেকে পশ্চিমদিকে যাত্রা শুরু করে W পয়েন্ট পর্যন্ত যায়। এরপর দক্ষিণদিকে 8 পয়েন্ট পর্যন্ত যায়। অবশেষে E পয়েন্ট পর্যন্ত যায়। তাহলে W পয়েন্টের ঠিক কোনদিকে E পয়েন্ট অবস্থিত?
(a) উত্তর-পূর্ব (b) উত্তর-পশ্চিম (c) দক্ষিণ-পশ্চিম (d) দক্ষিণ-পূর্ব

52. '?' স্থানে সঠিক সংখ্যাটি বসান:
171, 160, 150, 141, 133, ?
(a) 127 (b) 128 (c) 120 (d) 125

53. নীচের কোন জোড়াটি ভুল?
(a) ওড়িশি : ওড়িশা (b) বিহু : অসম (c) কথাকলি : কেরল (d) গরবা : পাঞ্জাব

54. নীচের শব্দটির অক্ষরগুলি ব্যবহার করে কোন শব্দটি লেখা যাবে না?
NEWSPAPER
(a) EARS (b) PAWS (c) REAR (d) EAST

55. শচীন একটি লাইনে বাঁদিক থেকে 22 নম্বরে এবং ডানদিক থেকে 23 নম্বর স্থানে দাঁড়িয়ে আছে। লাইনে মোট কতজন আছে?
(a) 43 (b) 45 (c) 44 (d) 46

56. নীচের চারটি ছবির কোনটি আলাদা?



(a) (b) (c) (d)

57. EIGHTEEN শব্দটির প্রথম ও চতুর্থ বর্ণ এবং পঞ্চম ও সপ্তম বর্ণগুলির যদি অদলবদল (interchange) করা হয় তাহলে নীচের কোন বিকল্পটি তৈরি হবে?
(a) IGEHEETN (b) HIGEEETN (c) HIGEETEN (d) HIGETEEN

58. নীচের ছবিতে মোট কতগুলি ত্রিভুজ রয়েছে?



(a) 10 (b) 9 (c) 8 (d) 11

59. নীচের সিরিজের কোন সংখ্যাটি বেশিবার এসেছে?
1 2 3 4 5 6 7 8 9 1 9 8 7 6 5 4 3 2 1
(a) 6 (b) 1 (c) 5 (d) 2

60. যদি 3 * 9 * 8 = 35, 5 * 6 * 4 = 34 হয় তবে 8 * 3 * 6 = কত হবে?
(a) 33 (b) 32 (c) 50 (d) 30

61. ইংরেজি অভিধান অনুসারে কোন শব্দটি প্রথমে আসবে?
(a) Footpath (b) Football (c) Footprint (d) Footlight

62. '?' স্থানে সঠিক সংখ্যাটি বসান:



(a) 69 (b) 57 (c) 75 (d) 92

63. প্রশ্নের ফিগারটি উত্তরে কোন বিকল্পের মধ্যে লুকিয়ে আছে?

Question Figure



Answer Figure



(a) (b) (c) (d)

64. ফাঁকা স্থানে সঠিক বিকল্পটি বসান:
ac __ g __ a __ egi __ ce __ ia __ eg __
(a) eiciagci (b) eiacigci (c) eicagci (d) eicaigci

65. যদি কোনও কোডে CAPTAIN = DBQUBJO তাহলে UMPIRE = কী হবে?
(a) VNQJSG (b) VNQKSF (c) VNQJSF (d) VPQJSF

66. ঘনকটির তিনটি অবস্থান দেখে বলুন @-এর বিপরীতে কোন চিহ্নটি আছে?



(a) % (b) & (c) # (d) @

67. নীচের কোন তথ্যটি সঠিক নয়?
(a) DTH : Direct to Home (b) ATM : Automated Tailor Machine (c) KYC : Know Your Customer (d) PDF : Portable Document File

68. '?' স্থানে সঠিক সংখ্যাটি বসান:
10 : 100 : 1000 : : 11 : 121 : _____
(a) 1321 (b) 1342 (c) 1322 (d) 1331

69. কোনটি আলাদা?
(a) Power point (b) Word (c) Excel (d) Pagemaker

70. নীচের কোন ভেনচিত্রটি মহাদেশ, ইউরোপ, অস্ট্রেলিয়া নির্দেশ করছে?

(a) (b) (c) (d)

71. রবি 18% সরল সুদে 2 বছরের জন্য এবং কবি 20% সরল সুদে 3 বছরের জন্য কিছু টাকা ধার করে। সময় শেষে উভয়ের সুদ-আসল সমান হলে, রবি ও কবির ধার নেওয়া টাকার অনুপাত:
(a) 4 : 4 (b) 5 : 7 (c) 13 : 10 (d) 20 : 17

72. একটি বর্গক্ষেত্রের দৈর্ঘ্য 50% বৃদ্ধি পেয়ে আয়তক্ষেত্র তৈরি হলে, আয়তক্ষেত্র ও বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের অনুপাত হবে:
(a) 9 : 4 (b) 4 : 3 (c) 3 : 2 (d) 5 : 3

73. একটি বৃত্তাকার মাঠের চারদিকে সমপরিসরে রাস্তা আছে। রাস্তার ভেতরের ও বাইরের দিকের পরিধির পার্থক্য 44 মিটার হলে, রাস্তার প্রশস্ততা:
(a) 7 মিটার (b) 14 মিটার (c) 3.5 মিটার (d) 10.5 মিটার

74. বৃত্তের ব্যাসার্ধ 20% হ্রাস পেলে ক্ষেত্রফল হ্রাস পায়:
(a) 44% (b) 40% (c) 36% (d) 34%

এরপর সাতের পাতায়

একইভাবে, 35 ⇒ 3 + 5 = 8]
51 ⇒ 5 + 1 = 6] –2

173(d): 10m/second = $\frac{10\times18}{5}$ km/h = 36 km/h

174(a): $\frac{2x+3y}{3x+5y} = \frac{18}{29} \Rightarrow 58x + 87y = 54x + 90y$

$\Rightarrow 4x = 3y \Rightarrow \frac{x}{y} = \frac{3}{4}$

191(a): $99 \times 6 + \left(\frac{1}{7}+\frac{2}{7}+\frac{3}{7}+\frac{4}{7}+\frac{5}{7}+\frac{6}{7}\right) = 594 + \frac{27}{7}$

= 594 + 3 = 597.

192(b): প্রশ্নানুযায়ী, x – y = 32, xy = 2145

$\therefore x + y = \sqrt{(32)^2 + 4\times2145} = \sqrt{1024+8580} = \sqrt{9604} = \boxed{98}$

193(a): 107 – 5 = 102, 120 – 1 = 119
102 ও 119 এর গ.সা.গু. = 17 ∴ সংখ্যাটি হল 17.

প্রস্তুত করেছেন: সাগর রায়

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

রাজ্য পুলিশে ৮৬৩২ কনস্টেবল

নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

য়ের পাতার পর

5. 17টি সংখ্যার গড় 45, সংখ্যাগুলির মধ্যে প্রথম 9টি সংখ্যার গড় 51 এবং শেষ টি সংখ্যার গড় 36 হলে, নবম সংখ্যাটি:
) 14 (b) 18 (c) 20 (d) 22

6. কোনও টাকার 5 বছরের সুদ-আসল 1,920 টাকা এবং 7 বছরের সুদ-আসল ,208 টাকা। বার্ষিক সুদের হার:
) 10% (b) 12% (c) $12\frac{1}{2}$ % (d) $8\frac{1}{3}$ %

7. দ্রব্যমূল্য $12\frac{1}{2}$ % হ্রাস পাওয়ায় এক টাকায় আগের থেকে 5টি দ্রব্য বেশি াওয়া যায়। বর্তমানে টাকায় ক'টি দ্রব্য পাওয়া যায়?
) 30টি (b) 35টি (c) 40টি (d) 45টি

8. একটি ঘড়ি 150 টাকায় বিক্রয় করায় 20% ক্ষতি হয়। ঘড়িটি 200 টাকায় বিক্রয় রলে শতকরা কত লাভ হবে?
) $6\frac{1}{4}$ % (b) $6\frac{2}{3}$ % (c) $8\frac{1}{2}$ % (d) $9\frac{1}{11}$ %

9. একটি কাচের দণ্ড পড়ে 2 : 3 অনুপাতে দু'খণ্ডে বিভক্ত হয়ে যায়। পরে পুনরায় ছাট খণ্ডটি পড়ে 4 : 5 অনুপাতে ভাগ হয়। তিনটি খণ্ডের অনুপাত:
(a) 4 : 8 : 12 (b) 8 : 10 : 27 (c) 8 : 12 : 18 (d) 8 : 10 : 18

80. এক ব্যক্তি 4 টাকায় 5টি দ্রব্য ক্রয় করে, 5 টাকায় 4টি দ্রব্য বিক্রয় করায় লাভ হয়:
(a) 44% (b) 36% (c) $41\frac{1}{2}$ % (d) $56\frac{1}{4}$ %

81. দু'টি বর্গক্ষেত্রের পরিসীমা যথাক্রমে 40 সেন্টিমিটার এবং 24 সেন্টিমিটার। ওই দুই বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের পার্থক্যের সমান ক্ষেত্রফলবিশিষ্ট তৃতীয় বর্গক্ষেত্রের পরিসীমা:
(a) 36 সেন্টিমিটার (b) 34 সেন্টিমিটার (c) 32 সেন্টিমিটার (d) 30 সেন্টিমিটার

82. 12 লিটার মিশ্রণে জল ও অ্যাসিডের অনুপাত 1 : 5। ওই মিশ্রণে আরও কত লিটার অ্যাসিড ঢাললে নতুন মিশ্রণে জল ও অ্যাসিডের অনুপাত হবে 1 : 8?
(a) 5 লিটার (b) 4 লিটার (c) 3 লিটার (d) 6 লিটার

83. 38 মিটার লম্বা ও 32 মিটার চওড়া একটি আয়তাকার ক্ষেত্রের ভেতরে চারদিকে সমপরিসরে চওড়া রাস্তার ক্ষেত্রফল 600 বর্গমিটার হলে রাস্তার প্রশস্ততা:
(a) 6 মিটার (b) 8 মিটার (c) 5 মিটার (d) 10 মিটার

84. একটি ব্যাগে 5 টাকা ও 10 টাকার মোট 80টি নোট ছিল। ওই ব্যাগে মোট 600 টাকা থাকলে, 10 টাকার নোটের সংখ্যা:
(a) 60টি (b) 50টি (c) 40টি (d) 10টি

85. এক বিক্রেতা 5% লাভে একটি রেডিও বিক্রয় করে। আরও 24 টাকা বেশি মূল্যে রেডিওটি বিক্রয় করলে 8% লাভ হত। রেডিওটির ক্রয়মূল্য:
(a) 800 টাকা (b) 400 টাকা (c) 200 টাকা (d) 100 টাকা

86. একটি ব্যবসায় A, B ও C-র মূলধনের অনুপাত 3 : 4 : 5। যদি C-র মুনাফা A অপেক্ষা 200 টাকা বেশি হয়, তাহলে মোট কত টাকা লাভ হয়েছিল?
(a) 600 টাকা (b) 800 টাকা (c) 1,000 টাকা (d) 1,200 টাকা

87. 4 জন লোক 4 দিনে 4টি মাদুর তৈরি করে। 200 জন লোক 200 দিনে কতগুলি মাদুর তৈরি করবে?
(a) 200টি (b) 10,000টি (c) 1,000টি (d) 5,000টি

88. সরল করুন: $\frac{(\sqrt{96}+4\sqrt{3})(\sqrt{81}-3\sqrt{8})}{(4\sqrt{6}-\sqrt{48})}$
(a) 1 (b) 3 (c) 9 (d) 6

89. দু'টি সংখ্যার যোগফল 150 এবং ভাগফল 4 হলে, সংখ্যাদুটির পার্থক্য:
(a) 90 (b) 88 (c) 84 (d) 80

90. 'n' একটি অখণ্ড সংখ্যা হলে, $\{(n-3)^2 - n^2\}$ রাশিটি সর্বদা বিভাজ্য হবে:
(a) (3 – 2n) দ্বারা (b) (3 + 2n) দ্বারা (c) (n + 3) দ্বারা (d) এর কোনওটিই নয়

91. একটি চোর 50 মিটার দূরে একজন পুলিশকে দেখে 4 কিলোমিটার গতিতে দৌড় দেয়। পুলিশটি তৎক্ষণাৎ $4\frac{1}{2}$ কিলোমিটার গতিতে চোরটিকে তাড়া করে। চোরটি ধরা পড়ার আগে কতটা দৌড়য়?
(a) 300 মিটার (b) 400 মিটার (c) 450 মিটার (d) 500 মিটার

92. একটি ছাত্রাবাসের প্রতিটি ঘরে 2 জন ছাত্র থাকলে 5টি ঘর কম পড়ে এবং প্রতিটি ঘরে 3 জন ছাত্র থাকলে 2টি ঘর খালি থাকে। ছাত্রাবাসের ছাত্রসংখ্যা:
(a) 40 জন (b) 42 জন (c) 44 জন (d) 48 জন

93. একটি ট্রেন যখন প্রকৃত গতির $\frac{5}{8}$ অংশ গতিতে যায় গন্তব্যস্থলে পৌঁছতে 1 ঘণ্টা 12 মিনিট সময় বেশি লাগে। প্রকৃত গতিতে গন্তব্যস্থলে পৌঁছতে সময় লাগে:
(a) 2.5 ঘণ্টা (b) 2 ঘণ্টা (c) 2.25 ঘণ্টা (d) 1.8 ঘণ্টা

94. 200 মিটার দৌড় প্রতিযোগিতায় A ও B যথাক্রমে 21 ও 25 সেকেন্ডে শেষ করে। 800 মিটার দৌড় প্রতিযোগিতায় A, B-কে কত মিটারে পরাস্ত করবে?
(a) 90 মিটার (b) 120 মিটার (c) 100 মিটার (d) 128 মিটার

95. 3 জন পুরুষ বা 5 জন স্ত্রীলোক একটি কাজ 17 দিনে শেষ করতে পারে। অনুরূপ একটি কাজ 7 জন পুরুষ এবং 11 জন স্ত্রীলোক কতদিনে শেষ করতে পারবে?
(a) $3\frac{3}{4}$ দিনে (b) $3\frac{5}{7}$ দিনে (c) $4\frac{3}{7}$ দিনে (d) $7\frac{3}{5}$ দিনে

96. দু'টি সংখ্যা যথাক্রমে তৃতীয় সংখ্যাটির 20% এবং 50% বেশি। দ্বিতীয় সংখ্যাটি প্রথম সংখ্যাটির কত শতাংশ বেশি?
(a) 10% (b) 25% (c) 30% (d) 40%

97. একটি পাইপ দিয়ে একটি চৌবাচ্চাকে ভর্তি করতে 8 মিনিট সময় লাগে। অপর একটি পাইপ দিয়ে চৌবাচ্চাকে খালি করতে 16 মিনিট সময় লাগে। যদি দু'টি পাইপ একসঙ্গে খোলা হয়, তাহলে চৌবাচ্চাটি ভর্তি করতে কত সময় লাগবে?
(a) 16 মিনিট (b) 26 মিনিট (c) 36 মিনিট (d) 46 মিনিট

98. একটি দোকানদার 25টি গ্লাস বিক্রি করেন। প্রতিটি গ্লাসের দাম 45 টাকা। তিনি 10% ছাড় দিয়ে 50% লাভ করেন। যদি ছাড় না দিতেন, তাহলে তিনি কত শতাংশ লাভ করতেন?
(a) 60% (b) $60\frac{2}{3}$ % (c) $66\frac{2}{3}$ % (d) 45%

99. $\frac{(1)^{132}}{5^{-1}+3^{-1}}$ = কত হবে?
(a) $\frac{132}{15}$ (b) $\frac{15}{132}$ (c) $\frac{45}{2}$ (d) $\frac{15}{8}$

100. জলমিশ্রিত 10 লিটার লঘু সালফিউরিক অ্যাসিড দ্রবণে জল ও অ্যাসিডের অনুপাত 1 : 4, এই দ্রবণে আর কত অ্যাসিড মেশালে জল ও অ্যাসিডের অনুপাত 1 : 5 হবে?
(a) 2 লিটার (b) 3 লিটার (c) 4 লিটার (d) 5 লিটার

উত্তর

1(a), 2(c), 3(a), 4(d), 5(b), 6(a), 7(b), 8(b), 9(a), 10(b), 11(b), 12(b), 13(b), 14(b), 15(b), 16(a), 17(c), 18(b), 19(b), 20(a), 21(c), 22(b), 23(a), 24(b), 25(a), 26(b), 27(a), 28(b), 29(a), 30(b), 31(a), 32(b), 33(a), 34(b), 35(a), 36(a), 37(b), 38(a), 39(b), 40(b), 41(a), 42(b), 43(a), 44(b), 45(a), 46(a), 47(a), 48(b), 49(a), 50(a), 51(d), 52(a), 53(d), 54(d), 55(c), 56(c), 57(b), 58(b), 59(b), 60(d), 61(b), 62(c), 63(d), 64(c), 65(c), 66(d), 67(d), 68(d), 69(d), 70(c), 71(d), 72(c), 73(a), 74(c), 75(b), 76(b), 77(c), 78(b), 79(b), 80(d), 81(c), 82(d), 83(c), 84(c), 85(a), 86(d), 87(b), 88(b), 89(a), 90(a), 91(b), 92(b), 93(b), 94(d), 95(a), 96(b), 97(a), 98(c), 99(d), 100(a).

সমাধান

51(d):



∴ W পয়েন্টের দক্ষিণ-পূর্বদিকে E পয়েন্ট অবস্থিত।

52(a): 171 (–11) 160 (–10) 150 (–9) 141 (–8) 133 (–7) 126

53(d): গরবা গুজরাটের জনপ্রিয়।

54(d): EAST শব্দটি লেখা যাবে না, কারণ T বর্ণটি মূল শব্দে নেই।

55(c): (22 + 23) – 1 = 44.

56(c):

এখানে প্রতিটি ছবি আটটি ভাগে করা হয়েছে কিন্তু (c) ছবিটি ছ'টি ভাগে ভাগ হয়েছে।

57(b): E I G H T E E N → H I G E E E T N

59(b): 1 2 3 4 5 6 7 8 9 1 9 8 7 6 5 4 3 2 1 ∴ 1 তিনবার এসেছে।

60(d): 3 × 9 + 8 = 35, 5 × 6 + 4 = 34
Same as 8 × 3 + 6 = 30.

61(b): ∴ ইংরেজি অভিধান অনুসারে Football শব্দটি প্রথমে আসবে।

62(c): 3 × 7 + 5 × 9 = 21 + 45 = 66
7 × 6 + 5 × 9 = 42 + 45 = 87
Same as, 6 × 5 + 5 × 9 = 30 + 45 = 75.

63(d):



64(c); acegi/acegi/acegi/acegi/acegi

65(c): U M P I R E → V N Q J S F

এখানে পরের অক্ষরটিকে কোড হিসেবে ব্যবহার করা হয়েছে।

66(d): ঘনকটির তিনটি অবস্থানে ওপরের চিহ্নটি একই আছে পাশাপাশি ডানদিকে ঘুরছে।

67(d): PDF ⇒ Portable Document Format.

68(d): $10^2 = 100$, $10^3 = 1000$
Same as $11^2 = 121$, $11^3 = 1331$.

69(d): Power point, Word, Excle Microsoft Office -এর অন্তর্গত কিন্তু Page Maker Adobe-এর অন্তর্গত।

70(c):



মহাদেশের মধ্যে ইউরোপ এবং অস্ট্রেলিয়া একটি দেশ।
কিন্তু ইউরোপ মহাদেশের মধ্যে অস্ট্রেলিয়া নয়।

71(d): রবির টাকার (100 + 18 × 2)% = কবির টাকার (100 + 20 × 3)
∴ রবি ও কবির ঋণের অনুপাত = 160 : 136 = 20 : 17.

72(c): ধরি, বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য = 2x একক।
∴ আয়তক্ষেত্রের বৃহত্তম বাহু = 3x এবং অপর বাহু = 2x
∴ আয়তক্ষেত্র ও বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের অনুপাত = $(3x \times 2x) : (2x)^2$
$= 6x^2 : 4x^2 = 3 : 2$.

73(a): বৃত্তাকার রাস্তার প্রশস্ততা = $\left(44 \times \frac{7}{22 \times 2}\right)$ = 7 মিটার।

74(c): বৃত্তের ক্ষেত্রফল হ্রাস পাবে = $\left\{(20+20) - \frac{20 \times 20}{100}\right\}$ % = 36.

75(b): নবম সংখ্যা = 9(51 + 36) – 17 × 45 = 783 – 765 = 18.

76(b): (7 – 5) = 2 বছরের সুদ = (2208 – 1920) = 288 টাকা হলে, 5 বছরের সুদ = $\left(288 \times \frac{5}{2}\right)$ = 720 টাকা।
∴ আসল = (1,920 – 720) = 1,200 টাকা।
∴ নির্ণেয় সুদের হার = $\left(\frac{288}{2} \times \frac{100}{1200}\right)$ = 12%.

77(c): $12\frac{1}{2}\% = \frac{1}{8}$ অংশ।
∴ বর্তমানে 1 টাকায় $\left(5 \div \frac{1}{8}\right)$ = 40টি দ্রব্য পাওয়া যায়।

78(b): 150 টাকা = 80% হলে, 200 টাকা = $\left(80 \times \frac{200}{150}\right) = 106\frac{2}{3}$ %
∴ লাভ হয় = $\left(106\frac{2}{3} - 100\right)\% = 6\frac{2}{3}$ %.

79(b): প্রথম দুটি খণ্ডের অনুপাত = 2x : 3x ধরা হল,
তিন খণ্ডের অনুপাত = $\left(2x \times \frac{4}{9}\right) : \left(2x \times \frac{5}{9}\right) : 3x = 8 : 10 : 27$.

80(d): ধরি, 20টি দ্রব্য ক্রয় করেছিল
[∵ 5 ও 4-এর ল.সা.গু. = 20]
∴ ক্রয়মূল্য = $\left(\frac{4}{5} \times 20\right)$ = 16 টাকা
বিক্রয়মূল্য = $\left(\frac{5}{4} \times 20\right)$ = 25 টাকা
∴ লাভ হয় = $\left(\frac{25-16}{16}\right) \times 100 = 56\frac{1}{4}$ %.

81(c): দু'টি বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য যথাক্রমে = (40 ÷ 4) = 10 সেন্টিমিটার ও (24 ÷ 4) = 6 সেন্টিমিটার
∴ তৃতীয় বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = $10^2 - 6^2$ = 64 বর্গসেন্টিমিটার
∴ তৃতীয় বর্গক্ষেত্রের পরিসীমা = $4 \times \sqrt{64}$ = 32 সেন্টিমিটার।

82(d): অ্যাসিড = $12 \times \left(\frac{8-5}{1+5}\right)$ = 6 লিটার ঢালতে হবে।

83(c): রাস্তার প্রশস্ততা = x মিটার হলে,
$2(38 + 32) \times x - 4x^2 = 600$ or, $4x^2 - 140x + 600 = 0$
or, $x^2 - 35 + 150 = 0$
∴ x = 5 মিটার [x ≠ 30].

84(c): 10 টাকার নোটের সংখ্যা = x ধরা হলে,
10x + 5 (80 – x) = 600 or, 5x = 200, x = 40টি।

85(a): (8% – 5%) or, 3% = 24 টাকা।
∴ 100% = $\left(\frac{24}{3} \times 100\right)$ = 800 টাকা।

86(d): মোট লাভ = $200 \times \frac{(3+4+5)}{(5-3)}$ = 1200 টাকা।

87(b): নির্ণেয় মাদুরের সংখ্যা = $\frac{200 \times 200 \times 4}{4 \times 4}$ = 10000টি।

88(b): $= \frac{(\sqrt{96}+4\sqrt{3})(\sqrt{81}-3\sqrt{8})}{(4\sqrt{6}-\sqrt{48})} = \frac{(4\sqrt{6}+4\sqrt{3})(9-6\sqrt{2})}{(4\sqrt{6}-4\sqrt{3})}$
$= \frac{4(\sqrt{6}+\sqrt{3}) \times 3(3-2\sqrt{2})}{4(\sqrt{6}-\sqrt{3})} = \frac{3(3\sqrt{6}-4\sqrt{3}+3\sqrt{3}-2\sqrt{6})}{(\sqrt{6}-\sqrt{3})}$
$= \frac{3(\sqrt{6}-\sqrt{3})}{(\sqrt{6}-\sqrt{3})} = 3$.

89(a): সংখ্যাদুটি a ও b ধরি,
∴ a ÷ b = 4 অর্থাৎ a : b = 4 : 1, a = 4b ∴ (a + b) or, 5b = 150, b = 30
∴ (a – b) or, 3b = (3 × 30) = 90.

90(a): $(n-3)^2 - n^2 = n^2 - 6n + 9 - n^2 = (9 - 6n) = 3(3 - 2n)$.

91(b): চোর ও পুলিশের গতির পার্থক্য = $\left(4\frac{1}{2} - 4\right) = \frac{1}{2}$ কিলোমিটার বা 500 মিটার
অর্থাৎ, চোরটি ধরা পড়ে = $60 \times \frac{50}{500}$ = 6 মিনিটে
∴ চোর 6 মিনিটে দৌড়য় = $4000 \times \frac{6}{60}$ = 400 মিটার

92(b): ছাত্রসংখ্যা = x হলে, $\frac{x}{2} - \frac{x}{3} = 5 + 2$ ∴ $\frac{x}{6} = 7$ ∴ x = 42 জন।

93(b): $\frac{5}{8}$ অংশ গতিতে $\left(\frac{8}{5} - 1\right) = \frac{3}{5}$ অংশ বেশি সময় লাগে
প্রকৃত গতিতে সময় লাগে = (1ঘণ্টা 12 মিনিট × $\frac{5}{3}$) = 120 মিনিট = 2 ঘণ্টা

94(d): 800 মিটার পার হতে A-র (21 × 4) = 84 সেকেন্ড ও B-র (25 × 4) = 100 সেকেন্ড সময় লাগে
B 84 সেকেন্ডে যায় = $\left(800 \times \frac{84}{100}\right)$ = 672 মিটার।
∴ B পরাস্ত হয় = (800 – 672) = 128 মিটারে।

95(a): 7 জন পুরুষ + 11 জন স্ত্রীলোক = $\left(\frac{5}{3} \times 7\right) + 11 = \frac{68}{3}$ জন স্ত্রীলোক
5 জন স্ত্রীলোকের 17 দিনের কাজ $\frac{68}{3}$ জন স্ত্রীলোক = $(5 \times 17) \times \frac{3}{68}$
$= 3\frac{3}{4}$ দিনে করতে পারে।

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: পলাশ কান্তি মণ্ডল ও চঞ্চল ঘোষ

দিল্লি সরকারে ৩৪৩৪ শিক্ষক-শিক্ষিকা, কাউন্সেলর, ক্লার্ক

ট্রেইন্ড-গ্র্যাজুয়েট টিচার (পি জি টি), অ্যাসিস্ট্যান্ট টিচার, ক্লার্ক, হেড ক্লার্ক-সহ বিভিন্ন পদে ৭,২৩৫ জনকে নিয়োগ করবে দিল্লি সরকার। প্রার্থী বাছাই করবে দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসেস সিলেকশন বোর্ড। পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্যপদে আবেদন জানাতে পারবেন। তাই এখানে সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট ৩,৪৩৪টি শূন্যপদের বিষয়ে জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 02/21.

শূন্যপদের বিবরণ: **ট্রেইন্ড-গ্র্যাজুয়েট টিচার**: বিষয় অনুসারে শূন্যপদ: হিন্দি: পোস্ট কোড 33/21: মহিলা: ৩১০টি, পোস্ট কোড 34/21: পুরুষ: ৩২৯টি। শিক্ষাগত যোগ্যতা: হিন্দিতে অনার্স-সহ স্নাতক। অথবা বি এ, বি এ-তে অন্যতম বিষয় হিসেবে হিন্দি এবং অন্য আরও একটি ভাষা বা স্কুল স্তরে পড়ানো হয় এমন একটি বিষয় পড়ে থাকতে হবে। অথবা প্রয়াগের হিন্দি সাহিত্য সম্মেলনের 'সাহিত্য রতন' উপাধি। সেক্ষেত্রে মাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে।

ন্যাচারাল/ফিজিক্যাল সায়েন্স: পোস্ট কোড 35/21: পুরুষ: ৪৮২টি, পোস্ট কোড 36/21: মহিলা: ৩৩৯টি। ম্যাথমেটিক্স: পোস্ট কোড 37/21: মহিলা: ৩৯৭টি, পোস্ট কোড 38/21: পুরুষ: ৩৮৮টি। সোশ্যাল সায়েন্স: পোস্ট কোড 39/21: পুরুষ: ২৯৫টি, পোস্ট কোড 40/21: মহিলা: ৩৪১টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক বা অনার্স-সহ স্নাতক। ইংরেজি, ম্যাথমেটিক্স, সোশ্যাল সায়েন্স এবং ন্যাচারাল/ ফিজিক্যাল সায়েন্সের মধ্যে একটিকে ঐচ্ছিক বিষয় হিসেবে নিয়ে যে-কোনও দু'টি স্কুলপাঠ্য বিষয় পড়ে থাকতে হবে। সংশ্লিষ্ট ঐচ্ছিক বিষয়গুলি হল— ন্যাচারাল সায়েন্সের ক্ষেত্রে: ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, বটানি ও জুলজি, সোশ্যাল সায়েন্সের ক্ষেত্রে: হিস্ট্রি, পলিটিক্যাল সায়েন্স, ইকনমিক্স, বিজনেস স্টাডিজ, সোশিওলজি, জিওগ্রাফি ও সাইকোলজি।

সব ক্ষেত্রেই অন্তত ৪৫ শতাংশ নম্বর থাকতে হবে। শিক্ষক-শিক্ষণে ডিগ্রি বা ডিপ্লোমা থাকতে হবে এবং সি-টেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। অষ্টম শ্রেণি অবধি বা অষ্টম শ্রেণির উপরে যে-কোনও শ্রেণিতে হিন্দি ভাষা পড়ে থাকতে হবে। স্নাতকোত্তর ডিগ্রিধারীরা স্নাতক স্তরে ৪৫ শতাংশ নম্বর না থাকলেও আবেদন করতে পারবেন। বয়স: ৩২ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট টিচার (প্রাইমারি): পোস্ট কোড 42/21: ৩১৩টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক, সঙ্গে ডি এল এড বা বি এল এড বা স্পেশ্যাল এডুকেশনে ডি এড। অথবা, এন সি টি ই রেগুলেশনস-২০০২ অনুসারে ৪৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক, সঙ্গে ডি এল এড। অথবা স্নাতক, সঙ্গে ডি এল এড। এর পাশাপাশি, সি-টেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে এবং মাধ্যমিক স্তরে অন্যতম বিষয় হিসেবে ইংরেজি বা হিন্দি বা উর্দু পড়ে থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট টিচার (নার্সারি): পোস্ট কোড 43/21: ৫২টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক, সঙ্গে নার্সারি এডুকেশনে বি এড বা অন্তত ২ বছর মেয়াদের ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ। মাধ্যমিকে হিন্দি পড়ে থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা।

জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট (লোয়ার ডিভিশন ক্লার্ক): পোস্ট কোড 44/21: ১১৪টি। নিয়োগ হবে দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশনে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ১,৯০০ টাকা।

কাউন্সেলর: পোস্ট কোড 45/21: ২২টি। নিয়োগ হবে নারী ও শিশু উন্নয়ন দপ্তর এবং কারা বিভাগে। শিক্ষাগত যোগ্যতা: সাইকোলজি বা অ্যাপ্লায়েড সাইকোলজিতে স্নাতক, সঙ্গে কাউন্সেলিং সাইকোলজিতে স্নাতকোত্তর ডিপ্লোমা। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা সাইকোলজি বা ক্লিনিক্যাল সাইকোলজি বা কাউন্সেলিং সাইকোলজি বা অ্যাপ্লায়েড সাইকোলজিতে স্নাতকোত্তর ডিগ্রি। মাধ্যমিক বা উচ্চতর স্তরে অন্যতম বিষয় হিসেবে হিন্দি পড়ে থাকতে হবে। ক্লিনিক্যাল সাইকোলজিতে এম ফিল ডিগ্রিধারীদের অগ্রাধিকার। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা।

হেড ক্লার্ক: পোস্ট কোড 46/21: ৭টি। নিয়োগ করা হবে দিল্লি আর্বান শেল্টার ইমপ্রুভমেন্ট বোর্ডে। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে।। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট টিচার (প্রাইমারি): পোস্ট কার্ড 47/21: ৪৫টি। নিয়োগ হবে নিউ দিল্লি মিউনিসিপ্যাল কাউন্সিলে। শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক, সঙ্গে প্রাইমারি এডুকেশনে ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স বা বি এল এড কোর্স পাশ। এর পাশাপাশি সি-টেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে এবং মাধ্যমিকে হিন্দি পড়ে থাকতে হবে। কম্পিউটার বিষয়ে জ্ঞান থাকলে অগ্রাধিকার। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা।

সব ক্ষেত্রেই ২৪-৬-২০২১ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্টের মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র দিল্লি। পরীক্ষা দিতে যাওয়ার সময় সঙ্গে আধার কার্ড নিয়ে যেতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://dsssbonline.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ২৪ জুন পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা। ফি দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া-ই পে-র মাধ্যমে। অনলাইনে ফি জমা দেওয়ার পর পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: http://dsssb. delhi.gov.in

অতিমারি আবহে উপার্জনের পথ বাতলে দিচ্ছে সুলেখা

প্রথম পাতার পর

শ্রীবৃদ্ধি হয় যে, কলমের কালি আর সুলেখা পরিপূরক শব্দ হয়ে দাঁড়ায়। কিন্তু আশির দশকের শেষ থেকে ঝরনা কলম ও কালির চাহিদা কমতে থাকে। একসময় চাহিদার অভাবে কোম্পানি বন্ধ করে দিতে হয়।

প্রতিষ্ঠানের ইতিহাসে দ্বিতীয় অধ্যায়ের শুরু এর কয়েক বছর পর। এবার আর শুধু কলমের কালি নয়, বাজারের চাহিদার কথা মাথায় রেখে সাবান, ন্যাপথালিন, হ্যান্ডওয়াশ, ঘর-মেঝে-বাসন পরিষ্কার করার সামগ্রী উৎপাদন করতে থাকে সুলেখা। ২০১২ থেকে সৌরবিদ্যুতের সরঞ্জাম ও সৌরবিদ্যুৎ প্রকল্প তৈরির কাজও আরম্ভ হয়। এরই মধ্যে কাজের গতি কিছুটা হোঁচট খায় গত বছর লকডাউনে। বিদেশ থেকে যন্ত্রপাতি আমদানি বন্ধ হয়ে যাওয়ায় ক্ষতি হয় সৌরবিদ্যুতের ব্যবসার। সুলেখা-র বর্তমান ডিরেক্টর কৌশিক মৈত্র জানালেন, এই পরিস্থিতিতে তাঁদের মাস্ক, স্যানিটাইজার, পিপিই, হেড শিল্ড ইত্যাদি করোনা মোকাবিলার সামগ্রী তৈরির পরামর্শ দেন ইন্ডিয়ান অয়েলের সি জি এম (এল পি জি) অভিজিৎ দে।

স্যানিটাইজার তৈরির জন্য প্রয়োজন ছিল ড্রাগ লাইসেন্সের। সেটা এপ্রিল মাসে হাতে চলে আসে। এরপরই সুলেখা তৈরি করতে শুরু করে অ্যালকোহলযুক্ত হ্যান্ড স্যানিটাইজার। সৌরবিদ্যুৎ সংক্রান্ত কাজ সাময়িক ভাবে বন্ধ থাকায় এই বিভাগের কর্মীরাই এখন অফিস কিংবা বাড়ি স্যানিটাইজ করার সামগ্রী তৈরি করছেন। হাওড়া ও মহেশতলার ওয়ার্কশপে তৈরি হচ্ছে পিপিই। এসবের পাশাপাশি যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইনকিউবেশন সেন্টার 'কাস্ট'-এর পরিকল্পনায় তৈরি মাস্কও বিপণন করছে সুলেখা।

কেবল নিজেদের কর্মীদের কথাই নয়, কৌশিকবাবুরা ভেবেছেন এই পরিস্থিতিতে হঠাৎ কর্মহীন হয়ে পড়া মানুষদের কথাও।

সুলেখা-র সঙ্গে কাজ করার পদ্ধতি

- কলকাতা, হাওড়া ও বারাসাত অঞ্চলের যে-কেউ সুলেখা-র ডিস্ট্রিবিউটর হতে পারেন।
- পশ্চিমবঙ্গের যে-কোনও জেলা এবং ভারতের যে-কোনও জায়গা থেকে যে-কেউ সুলেখা-র উৎপাদিত পণ্য হোলসেলে কিনে ডোর-টু-ডোর বা বিভিন্ন দোকানের সঙ্গে টাই আপ করে বিক্রি করতে পারেন। কৌশিকবাবুও ডোর-টু-ডোর বিপণনে বিশেষ জোর দিচ্ছেন। তাঁর যুক্তি, বর্তমান পরিস্থিতিতে অত্যাবশ্যকীয় হোমকেয়ার ও হাইজিন সামগ্রীগুলি বাড়িতে পৌঁছে দেওয়ার ব্যবস্থা থাকলে, ক্রেতা নিশ্চিত ভাবেই এই সুবিধা নিতে চাইবেন।

সুলেখা-র পণ্য ডোর-টু-ডোর সেল করে বা দোকানে জোগান দিয়ে আজ অনেকেই সফল। মাত্র ২৫-৩০ হাজার টাকা পুঁজি নিয়ে কাজ শুরু করা যায়। সাইকেল বা মোটরসাইকেল থাকলে অগ্রাধিকার। ওঁদের অন্যান্য প্রোডাক্ট, যেমন, কালি, ঝরনা কলম ও অন্যান্য স্টেশনারি জিনিসও বিক্রি করতে পারেন। আগ্রহী ব্যক্তিদের হোলসেল ক্রয়ের উপর ভালো ছাড় দেওয়া হয়। সেইসঙ্গে বিক্রি করার পদ্ধতি, হিসাব রাখা, ডেবিট ও ক্রেডিট কার্ডের ব্যবহার হাতে-কলমে শিখিয়ে দেয় সংস্থা।

কৌশিকবাবু জানালেন, এই মুহূর্তে স্যানিটাইজার, মাস্ক, ফিনাইল, সাবান, ন্যাপথালিন, ব্লিচিং পাউডার, রুম স্যানিটাইজার ইত্যাদির বিক্রি সবচেয়ে বেশি। কলকাতা বা শহরাঞ্চলে সব দোকানেই এগুলি পাওয়া যায়। অপ্রতুলতা রয়েছে প্রত্যন্ত গ্রামে বা মফস্‌সলে, যেখানে দোকানপশার কম।সেখানে গ্রামের ছেলেমেয়েরা এই ধরনের ডোর-টু-ডোর সেল বা দোকানে পণ্য সরবরাহ করে ভালো ব্যবসা করতে পারবেন।

- যাঁদের বাড়ির বাইরে গিয়ে কাজ করায় অসুবিধা আছে, তাঁরা সুলেখা-য় নাম রেজিস্ট্রেশন করিয়ে ঘরে বসে অনলাইনে সুলেখা-র পণ্যের অর্ডার নেওয়ার কাজ করতে পারেন। অর্ডার নেওয়া হয় ইমেল বা হোয়াটসঅ্যাপে। অর্ডার নেওয়ার পর গ্রাহকদের নাম-ঠিকানা সহ অর্ডারের খুঁটিনাটি কর্তৃপক্ষের কাছে পাঠিয়ে দিতে হবে। ডেলিভারি দেওয়ার দায়িত্ব সংস্থার।

গত বছর থেকে অনলাইনে সুলেখা-র অর্ডার নেওয়ার কাজ শুরু করেছেন স্বর্ণালী মৈত্র। 'কর্মক্ষেত্র'-কে তিনি জানান, অনলাইনে অর্ডার এবং হোম ডেলিভারির সুবিধা থাকায় প্রথমে পরিচিতরা তাঁকে অর্ডার দিতে শুরু করেন। ক্রমশ তাঁদের সূত্রে গ্রাহক সংখ্যা বেড়েছে। ব্যবসা বাড়াতে সুবিধা করে দিয়েছে সুলেখা ব্র্যান্ডের খ্যাতি ও পরিচিতি।

সময়ের দাবিতে ব্যবসার অভিমুখ কিছুটা ঘুরে গেলেও সুলেখা ভোলেনি তার ঐতিহ্য। বাঙালির কাছে এক কালে কালি-কলম মানেই ছিল সুলেখা।কৌশিকবাবু জানালেন, 'কালি-কলমে লেখার লোক এখনও আছেন। কালি ও ঝরনা কলম কিনতে চেয়ে নিয়মিত ইমেল পাঠান তাঁরা। বেশ কিছু ক্রেতা বাংলাদেশে আছেন। তাঁদের থেকেও অর্ডার পাই।' এই কম্পিউটারের যুগেও ফেসবুকে সংস্থার 'সুলেখা ইঙ্ক লাভার' নামে পেজে ১,৩০০-র উপর সদস্য।

কেউ চাইলে শুধু সুলেখা কালি ও ঝরনা কলমের বিক্রেতা হতে পারেন, জানালেন কৌশিকবাবু। হোলসেলে কিনলে যথেষ্ট ছাড় দেওয়া হবে। সুলেখা-র কালি ও কলমের বিপণন নিয়েও সংস্থা নতুন করে ভাবনাচিন্তা করছে বলে জানা গেল তাঁর কাছ থেকে। এ ক্ষেত্রে বিভিন্ন স্কুলের সঙ্গে যৌথ ভাবে কাজ করার পরিকল্পনা আছে তাঁর।

সুলেখা-র পণ্য বিপণনে আগ্রহীরা যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: ১৪২ রাজা এস সি মল্লিক রোড, সেন্ট্রাল পার্ক, যাদবপুর, কলকাতা-৭০০ ০৩২। ফোন: ৮৪২০০-৪৩৮৫০। ইমেল: ink.sulekha@gmail.com বা order@sulekhaink.co.in.

ব্যাঙ্ক নোট প্রেস ও মিন্টে ১৩১

জুনিয়র টেকনিশিয়ান এবং জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট পদে ১৩১ জনকে নেবে মধ্যপ্রদেশের ব্যাঙ্ক নোট প্রেস এবং নয়ডার ইন্ডিয়া গভর্নমেন্ট মিন্ট। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BNP/HR/08/2020.

শূন্যপদের বিবরণ: ব্যাঙ্ক নোট প্রেস: জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট: ১৫টি, জুনিয়র টেকনিশিয়ান (ইঙ্ক ফ্যাক্টরি): ৬০টি, **জুনিয়র টেকনিশিয়ান (প্রিন্টিং)**: ২৩টি, **জুনিয়র টেকনিশিয়ান (ইলেক্ট্রিক্যাল/আই টি)**: ১৫টি, জুনিয়র টেকনিশিয়ান (মেকানি-ক্যাল/এসি) : ১৫টি। **ইন্ডিয়া গভর্নমেন্ট মিন্ট**: জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট: ৩টি। **শিক্ষাগত যোগ্যতা**: জুনিয়র টেকনিশিয়ান (ইঙ্ক ফ্যাক্টরি): ডাইস্টাফ টেকনোলজি বা পেইন্ট টেকনোলজি বা সারফেস কোটিং টেকনোলজি বা প্রিন্টিং ইঙ্ক টেকনোলজি বা প্রিন্টিং টেকনোলজিতে আই টি আই কোর্স পাশ।

জুনিয়র টেকনিশিয়ান (প্রিন্টিং): লিথো অফসেট মেশিন মাইন্ডার বা লেটার প্রেস মেশিন মাইন্ডার বা অফসেট প্রিন্টিং বা প্লেট মেকিং বা ইলেক্ট্রোপ্লেটিং বা হ্যান্ড কম্পোজিং বা প্লেটমেকার-কাম-ইম্পোজিটর ট্রেডে আই টি আই কোর্স পাশ। **জুনিয়র টেকনিশিয়ান (ইলেক্ট্রিক্যাল/আই টি)**: ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স ট্রেডে আই টি আই কোর্স পাশ। **জুনিয়র টেকনিশিয়ান (মেকানিক্যাল/এসি)**: ফিটার বা মেশিনিস্ট বা টার্নার বা ইনস্ট্রুমেন্ট মেকানিক বা মেকানিক মোটর ভেহিক্যাল ট্রেডে আই টি আই কোর্স পাশ। সবক'টি পদের ক্ষেত্রেই নির্দিষ্ট শিক্ষাগত যোগ্যতার পাশাপাশি সংশ্লিষ্ট ট্রেডে এন সি ভি টি স্বীকৃত ১ বছর মেয়াদের ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট: ৫৫ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৪০টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। কম্পিউটারের ব্যবহার জানতে হবে।

বয়স: ১১-৬-২০২১ তারিখে জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ২৮ বছর এবং জুনিয়র টেকনিশিয়ান পদের ক্ষেত্রে ২৫ বছরের মধ্যে হতে হবে।

বেতনক্রম: জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ২১,৫৪০-৭৭,১৬০ টাকা এবং জুনিয়র টেকনিশিয়ান পদের ক্ষেত্রে ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন টেস্ট এবং প্রযোজ্য ক্ষেত্রে টাইপিং টেস্টের মাধ্যমে। পরীক্ষা জুলাই বা অগস্টে। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://bnpdewas. spmcil.com দরখাস্তের শেষ তারিখ ১১ জুন।

এন এম ডি সি-তে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

৫৯ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিস-শিপ ট্রেনিং দেবে এন এম ডি সি লিমিটেড। সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল-সহ বিভিন্ন শাখায় ট্রেনিং দেওয়া হবে। ১ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: BC/DGM(MIN.)/T&S,E/APPR-301-A/Vol-X/2021-22/1500.

আসনসংখ্যার বিবরণ: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: ১৬টি। শিক্ষাগত যোগ্যতা: সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স এবং মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে কোনও একটি বিষয়ে ডিগ্রি।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস: ১৩টি। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, মাইনিং, মডার্ন অফিস প্র্যাকটিস ম্যানেজমেন্ট এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশনের মধ্যে কোনও একটি বিষয়ে ডিপ্লোমা।

প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেমস অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট: ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেডে এন সি ভি টি প্রদত্ত ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

স্টাইপেন্ড: প্রতি মাসে গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে ২০,০০০ টাকা, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে ১৬,০০০ টাকা এবং প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেমস অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে ১০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে, ১ বছর বা তার বেশি সময় ধরে কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে গ্র্যাজুয়েট এবং টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসদের ক্ষেত্রে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrd nats.gov.in এবং ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে এই ওয়েব-সাইটের মাধ্যমে: www.apprentice shipindia.org রেজিস্ট্রেশন নম্বরটি লিখে রাখবেন।

এরপর রেজিস্ট্রেশন নম্বর, বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)-সহ প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি ই-মেল করতে হবে এই ঠিকানায়: bld5hrd@nmdc.co.in. জীবনপঞ্জির ডানদিকে উপরে প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন। আবেদনপত্র ই-মেলে পৌঁছনোর শেষ তারিখ ১৫ জুন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.nmdc.co.in

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। **প্রধান সম্পাদক**: অমরেন্দ্র চক্রবর্তী **সম্পাদক**: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in